

অরুপকে ডিমের বদলে ছোড়া হল ফুটবল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরুণ বিশ্বাসকে লক্ষ্য করে ফুটবল ছোড়া হল। লিওনেল মেসি কাণ্ডে আজ দ্বিতীয়বারের জন্য বিধাননগর দক্ষিণ থানায় হাজিরা দেন প্রাক্তন ক্রীড়ামন্ত্রী। সকাল ১০ টা ৫০ মিনিট নাগাদ ঢোকেন থানায়। পরবর্তীতে তাঁর গাড়ি লক্ষ্য করে ফুটবল ছোড়া হয় বলে দাবি করা হয়। তবে শুধু তাই নয়, থানার বাইরে জুতোর মালা নিয়ে অপেক্ষা করছিলেন অনেকে। তাঁরা বিক্ষোভ দেখাতে থাকেন। এক বিক্ষোভকারী তো আবার বলেন, “এটা জুতো মনে হচ্ছে আপনাদের। কিন্তু আমাদের চোখে এটা রজনীগন্ধা, বেল, গাঁদা, সূর্যমুখী- সবধরনের ফুল আছে। ও ফুটবল চুরি করেছিল। ও মেসিকে চুরি করেছিল। বাংলা ও বাঙালি আবেগকে অসম্মান করেছে।” বিক্ষোভকারীরা দাবি করেন, অরুণের জন্যই তাঁরা যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকে দেখতে পাননি।



আর্জেন্টিনার মহাতারকার গায়ের উপরে উঠেছিলেন তৎকালীন ক্রীড়ামন্ত্রী। তাই জুতোর মালা পরিয়ে ঝাল মেটাতে চান বলে দাবি করছেন বিক্ষোভকারীরা। তারা দাবি করেন যে টিকিটের টাকাও ফেরত চাইবেন। যদিও কোনওরকম অপ্রীতিকর পরিস্থিতি ঘটেনি। কড়া নিরাপত্তায় বন্দোবস্ত করা হয় পুলিশের তরফেও। তবে গত বৃহস্পতিবার আলিপুর আদালতে ডিম ছোড়া এবং আজ ফুটবল ছোড়ার প্রসঙ্গে কিছু বলতে চাননি অরুণ। সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রাক্তন ক্রীড়ামন্ত্রী বলেন, “এটা তো তোমরা (সাংবাদিক) বলতে পারবে।” সেইসঙ্গে জিজ্ঞাসাবাদের বিষয়ে কোনও মন্তব্য করতে চাননি অরুণ। তিনি দাবি করেন, “অনেক প্রশ্ন আছে, অনেক জিজ্ঞাসা আছে। কিন্তু এটা বিচারধীন বিষয়। তাই এই বিষয়ে আমি কোনও মন্তব্য করব না।”

বড় তকমা পেতে চলেছে যাদবপুর

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ রাজ্যে ছুটছে ডাবল ইঞ্জিনের সরকার। বাংলায় পালাবদলের প্রথম বাজেটেই একেবারে ছক্কা হাঁকাল বিজেপি সরকার। একাধারে জোর কর্মসংস্থানে, অন্যদিকে জোর শিক্ষাতেও একের পর এক বড়সড় বরাদ্দের ঘোষণা অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। উত্তরবঙ্গে যেমন তৈরি হচ্ছে আইআইটি, আইআইএম, তেমনই দক্ষিণবঙ্গেও শিক্ষার ক্ষেত্রে এসেছে বড়সড় বরাদ্দ। নবোদয় বিদ্যালয় স্থাপনের জন্য জমি দেবে সরকার। এর জন্য আপাতত দক্ষিণ ২৪ পরগনা, মালদহ, ঝাড়গ্রাম এবং পূর্ব বর্ধমানে চারটি জয়গা চিহ্নিত করা হয়েছে। ঝাড়গ্রাম ও বারুড়াতে দু’টি কেন্দ্রীয় বিদ্যালয় তৈরির জন্য জমি দেখা হয়েছে। বড় প্রাপ্তি হচ্ছে রাজ্যের এক নম্বর বিশ্ববিদ্যালয় যাদবপুরেরও। অর্থমন্ত্রী বলেন, আগামী ৫ বছরে কেন্দ্র সরকারের ১ হাজার কোটির সহায়তায় ও রাজ্যের তরফে ২০০ কোটি টাকা দিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়কে একটি ইনস্টিটিউট অফ এক্সেলেন্স-এ উন্নীত করা হবে। শুধু তাই নয়, স্টার্ট আপ এবং যুব মাইক্রো উদ্যোগীদের উসাহিত করতে বাংলার উদ্যম ক্রেডিট কার্ড প্রকল্প চালু করছে সরকার। এই প্রকল্পে প্রায় ২ লাখ যুবক প্রত্যেকে ১০ লাখ টাকা অবধি আর্থিক সহায়তা পাবে। তার মধ্যে ৫ লাখ টাকা গ্রান্ট হিসাবে থাকছে। বাকি ৫ লাখ টাকা সুদবহীন ঋণ হিসেবে দেওয়া হবে সরকারের তরফে। এর জন্য ২০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী। এখানেই শেষ নয়, প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নিলেও পাশে দাঁড়াবে সরকার। সরকারি ও সরকারিভাবে তত্ত্বাবধানে পড়ুয়ার প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য এককালীন ৩০ হাজার টাকা অর্থ সাহায্য পাবেন সরকারের তরফে। এর জন্য ৩০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী।

শ্যামাপ্রসাদের জন্মদিনে ছুটি, নতুন ৫ জেলা, ৩৮ শতাংশ ডিএ

ডবল ইঞ্জিনে জনমুখী বাজেট

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ রাজ্যের প্রথম বিজেপি সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেটে সামাজিক সুরক্ষা খাতে একাধিক গুরুত্বপূর্ণ ঘোষণা করলেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। সোমবার বিধানসভায় বাজেট পেশ করতে গিয়ে তিনি জানান, বয়স্ক, বিশেষ ক্ষমতাসম্পন্ন এবং বিধবা ভাতার পরিমাণ মাসিক ৫০০ টাকা বৃদ্ধি করা হচ্ছে। পরিবারের বার্ষিক আয় ১ লক্ষ টাকার কম এবং অন্য কোনও সামাজিক প্রকল্পের আওতাভুক্ত না হলে মিলবে টাকা। পাশাপাশি অবসরপ্রাপ্ত সাংবাদিকদের জন্য মাসিক পেনশন চালু এবং মিথ্যা মামলায় কারাবাস করা ব্যক্তিদের জন্য বিশেষ আর্থিক সহায়তার ব্যবস্থাও ঘোষণা করা হয়েছে। এদিকে ‘ভরসা’ কর্মসূচিতে স্নাতক বেকারদের জন্য ৬ হাজার এবং অন্যান্য ২ হাজার টাকা বরাদ্দ। সোমবার বিধানসভায় বাজেট পেশ করতে গিয়ে তিনি জানান, বয়স্ক, বিশেষ ক্ষমতাসম্পন্ন এবং বিধবা ভাতার পরিমাণ মাসিক ৫০০ টাকা বৃদ্ধি করা হচ্ছে। অর্থমন্ত্রীর এই ঘোষণাকে সমাজের বিভিন্ন প্রান্তিক ও আর্থিকভাবে দুর্বল শ্রেণির মানুষের জন্য বড় স্বস্তির খবর হিসেবে দেখা হচ্ছে। বর্তমানে রাজ্যের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় লক্ষ লক্ষ প্রবীণ নাগরিক, বিধবা মহিলা এবং বিশেষ ক্ষমতাসম্পন্ন ব্যক্তি ভাতা পেয়ে থাকেন। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি এবং মূল্যবৃদ্ধির পরিস্থিতিতে দীর্ঘদিন ধরেই সংবাদমাধ্যমে দীর্ঘদিন কাজ করার পর অবসর নেওয়া সাংবাদিকদের জন্য মাসিক ৫ হাজার টাকার পেনশন চালু করা হবে।



হচ্ছে। বাজেটে আরও একটি উল্লেখযোগ্য ঘোষণা করেছেন অর্থমন্ত্রী। তিনি জানান, ব্যক্তিদের অবসরের পর আর্থিক সুরক্ষা নিশ্চিত করতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বহু সাংবাদিক কর্মজীবনের শেষে

সরকারের দাবি, গণতন্ত্রের অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ সংবাদমাধ্যমের সঙ্গে যুক্ত ব্যক্তিদের অবসরের পর আর্থিক সুরক্ষা নিশ্চিত করতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বহু সাংবাদিক কর্মজীবনের শেষে

আর্থিক অনিশ্চয়তার মধ্যে পড়েন। নতুন এই পেনশন প্রকল্প তাদের জন্য কিছুটা হলেও সহায়ক হবে বলে মনে করছে সরকার। সাংবাদিক মহলের একাংশ ইতিমধ্যেই এই সিদ্ধান্তকে স্বাগত

জানিয়েছে। তাঁদের মতে, সাংবাদিকতার পেশার প্রতি সরকারের স্বীকৃতি এবং অবসরপ্রাপ্ত সংবাদকর্মীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে এটি একটি ইতিবাচক পদক্ষেপ। এছাড়াও

রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ একটি ঘোষণায় অর্থমন্ত্রী জানান, যারা মিথ্যা মামলায় জড়িয়ে কারাবাস করেছেন এবং পরে নির্দোষ প্রমাণিত হয়েছেন, তাঁদের জন্য বিশেষ আর্থিক সহায়তার ব্যবস্থা করা হবে। এই প্রকল্পের আওতায় যোগ্য ব্যক্তির মাসিক ১০ হাজার টাকা করে আর্থিক সাহায্য পাবেন। সরকারের বক্তব্য, অনায়ভাবে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো এবং তাঁদের সামাজিক ও আর্থিক পুনর্বাসনে সাহায্য করাই এই উদ্যোগের মূল উদ্দেশ্য। সব মিলিয়ে, নতুন সরকারের প্রথম বাজেটে সামাজিক সুরক্ষা, মানবিক সহায়তা এবং প্রান্তিক মানুষের কল্যাণে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ভাতা বৃদ্ধি, সাংবাদিক পেনশন এবং বিশেষ আর্থিক সহায়তার মতো ঘোষণাগুলি সরকারের জনমুখী ভাবমূর্তিকে আরও জোরদার করবে বলেই মনে করছে রাজনৈতিক মহল। প্রায় দেড় ঘণ্টা বাজেট পেশ করলেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। বাজেটে সরকারি কর্মচারী, মহিলা, যুব, ছাত্রছাত্রী থেকে বয়স্কদের জন্য বড় ঘোষণা করা হয়েছে। গুরুত্ব পেয়েছে কৃষি, শিল্প, শিক্ষা, বিদ্যুৎ-সহ বিভিন্ন ক্ষেত্র। কর্মসংস্থানেও জোর দেওয়া হয়েছে। বদলে যাচ্ছে পশ্চিমবঙ্গের ম্যাপও। মোট ৫টি জেলা ঘোষণা করা হয়েছে বাজেটে। সব মিলিয়ে আজকের বাজেটে ১০টি বড় ঘোষণা কী কী, দেখে নিন একদলজের-
ডিএ বৃদ্ধি। বাজেটে ডিএ বৃদ্ধির ঘোষণা অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তের। ২০ শতাংশ ডিএ বৃদ্ধির ঘোষণা করেছে রাজ্য সরকার।
● এরপর ৬ পাতায়...

শিবসেনার একনাথ গোষ্ঠীতে যোগ ৬ সাংসদের, রইল পড়ে ৩

সংবাদ সংস্থা, মুম্বই, ২২ জুনঃ মহারাষ্ট্রের রাজনীতিতে ফের বড় চমকা জোর ধাক্কা খেল শিবসেনার উদ্ধব ঠাকরে গোষ্ঠী। দীর্ঘ জল্পনার অবসান ঘটিয়ে সোমবার সন্ধ্যায় মুম্বইয়ে একনাথ শিন্ডের নেতৃত্বাধীন শিবসেনায় যোগ দিলেন লোকসভার ছয় সাংসদ। এর ফলে উদ্ধব শিবিরের সাংসদ সংখ্যায় বড়সড় ভাঙন তৈরি হল। শিবির বা গোষ্ঠী বদল করলেন ধারাবিহর ওমরাজে নিম্নালকর, মুম্বই উত্তর-পূর্বের সঞ্জয় দিনা পাটিল, পারভানির সঞ্জয় যাদব, যবতমল-ওয়াশিমের সঞ্জয় দেশমুখ, হিসোলির নাগেশ পাটিল অষ্টিকার এবং খিরডির ভাউসাহেব ওয়াকটোরে। তাঁরা সকলেই এতদিন উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন শিবসেনা (ইউবিটি)-র সাংসদ ছিলেন। মুম্বইয়ে তাদের আনুষ্ঠানিকভাবে স্বাগত জানিয়ে মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে বলেন, “এই ছয় বাঘ এখন আমাদের সঙ্গে। ওঁরা প্রকৃত শিবসেনা পরিবারের সদস্য হয়েছেন। আমি স্বাগত জানাই।” একনাথ শিন্ডের দাবি, ২০২২ সালে তিনি যে বিরোধের সূচনা করেছিলেন, তা লক্ষ্য ছিল শিবসেনা এবং দলের প্রতীক ‘ধনুক-বাণ’কে রক্ষা করা। তাঁর কথায়, “সেই লড়াইয়ের দ্বিতীয় পর্ব এখন শুরু হয়েছে।” রাজনৈতিক মহলের মতে, দলভ্রাণী সাংসদদের সংখ্যা ছয় হওয়ায় দলবদল বিরোধী আইনের আওতায় অযোগ্য ঘোষণার ঝুঁকি এড়ানো সম্ভব হবে। কারণ, লোকসভায় উদ্ধব শিবিরের মোট নয় জন সাংসদের মধ্যে দুই-তৃতীয়াংশ অর্থাৎ অন্তত ছয় জনের সমর্থন থাকলে ভাঙনকে আইনগত স্বীকৃতি দেওয়া সম্ভব। গত কয়েক দিন ধরেই উদ্ধব শিবিরে ভাঙনের জল্পনা চলছিল। সেই জল্পনা আরও জোরালো হয়, যখন দিল্লিতে জরুরি ডিভিডে ভাঙা সংসদীয় দলের বৈঠকে নয় জন সাংসদের মধ্যে মাত্র তিন জন উপস্থিত হন। তারপর থেকেই রাজনৈতিক মহলে নানা জল্পনা শুরু হয়েছিল। সোমবার সন্ধ্যায় ছয় সাংসদের একযোগে শিন্ডে শিবসেনায় যোগদানের মধ্য দিয়ে সেই জল্পনারই অবসান হল। এর ফলে মহারাষ্ট্র শিবসেনার দুই গোষ্ঠীর সংঘাত নতুন মাত্রা পেলে বলে মনে করছে রাজনৈতিক মহল।

অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সাসপেন্ড করেননি ঋতব্রতরা নতুন কমিটি তৈরি হতেই ক্যামাক স্ট্রিটের পদ গেল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ সোমবার বিকেলে নিউ টাউনের নোভোটেল হোটেলে তৃণমূল স্পেশাল সেশন তথা বিশেষ বৈঠক শেষ হতেই অনেকে রটিয়ে দেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সাসপেন্ড করা হয়েছে। তবে ঘটনা হল, এদিনের বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় বা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নামও উচ্চারণ করেননি ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। মাত্র ৩১ মিনিট ২০ সেকেন্ডেই তৃণমূলের এই স্পেশাল সেশন শেষ হয়ে যায়। যার প্রথম ও শেষ উদ্দেশ্য ছিল, তৃণমূল কংগ্রেসের নতুন ন্যাশনাল ওয়ার্কিং কমিটি তথা জাতীয় কর্মসমিতি গঠন করা। এত দিন সেই কমিটির সদস্য ছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেই সুবাদেই ন্যাশনাল ওয়ার্কিং কমিটিতে সর্বভারতীয় সাধারণ সম্পাদক পদে ছিলেন অভিষেক। কিন্তু এদিনের বৈঠকের শুরুতেই বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় তৃণমূলের বর্তমান পরিস্থিতি ব্যাখ্যা করেন। তিনি দাবি করেন, তৃণমূল এখন এক অস্থিত সাংবিধানিক সংকটে রয়েছে। কারণ, দলের সংবিধানের ২০ নম্বর ধারা অনুযায়ী ৬ বছর অন্তর ন্যাশনাল ওয়ার্কিং কমিটি তৈরি করতে হবে। শেষবার ২০২২ সালের ১২ ফেব্রুয়ারি জাতীয় কর্মসমিতি তৈরি হয়েছিল। তার পর সেই তথ্য পেশ করা হয়েছিল নির্বাচন কমিশনে। দলের সংবিধান অনুযায়ী ওই কমিটির মেয়াদ ২০২৫ সালের ১১ ফেব্রুয়ারি শেষ হয়ে গেছে। তাই জরুরি ডিভিডে দলের নতুন জাতীয় কর্মসমিতি তৈরি করতে হবে। ঋতব্রত এই ঘোষণা করার তৃণমূলের কর্মসমিতির জন্য প্রথমে ১০ জনের নাম প্রস্তাব করা হয়। তাঁরা হলেন, অরুণ রায়, ফিরহাদ হাকিম, অরুণ বিশ্বাস, বিপ্লব মিত্র, আখরুজ্জামান, সাবিনা ইয়াসমিন, সদিপন সাহা, রথিন ঘোষ, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় প্রমুখ। তার পর অরুণ রায়কে দলের নতুন চেয়ারম্যান পদে নির্বাচিত করা হয়। আর সাধারণ সম্পাদক করা হয় ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সদিপন সাহা ও জাভেদ খানকে। যার অর্থ হল, অভিষেক বন্দ্যোপাধ্যায় আর তৃণমূলের সর্বভারতীয় সাধারণ

● এরপর ৬ পাতায়...

‘নিজের দাম বাড়াচ্ছেন’, মহুয়াকে নিয়ে বড় কথা কাকলির

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ তাসের ঘরের মতো ভাঙছে তৃণমূল। আর এই পরিস্থিতিতে তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রের সঙ্গে ‘বিরোধী’ সাংসদদের চাপানউতোর বাড়ছে। মহুয়া অভিযোগ করছেন, বিরোধী সাংসদদের প্রত্যেককে চার কোটি টাকা দেওয়া হয়েছে। এবার মহুয়াকে পাঁচটা দিলেন ‘বিরোধী’ সাংসদ কাকলি ঘোষ দস্তিদার। মহুয়া নিজের ‘দাম’ বাড়াচ্ছেন বলে মন্তব্য করলেন কাকলি। বিভিন্ন সুযোগ সুবিধার জন্য তৃণমূলের ২০ জন সাংসদ বিরোধী হয়েছেন বলে অভিযোগ উঠছে। এই নিয়ে বারাসতের সাংসদ কাকলি বলেন, কী সুবিধার কথা বলছে? “আমি একজন ডাক্তার। আমার এলাকায় গিয়ে জিজ্ঞাসা করুন, কারও কাছ থেকে এক পয়সা নিয়েছি কি না। সুবিধা বলতে যদি সাংসদের বেতন বলা হয়, তাহলে আমি কালকেই পদত্যাগ করতে পারি। সাংসদদের বেতন ছাড়াও আমার ও পরিবারকে চালাতে পারার ক্ষমতা রয়েছে।” এরপরই মহুয়াকে নিশানা করে কাকলি বলেন, “তৃণমূলের এক সাংসদ আমাদের বিরুদ্ধে বড় অভিযোগ তুলেছেন। বলছেন, আমরা ৪ কোটি টাকা করে পেয়েছি। মাসে এক কোটি টাকা করে পাব। এইসব অভিযোগ একেবারে ভুল। ওই সাংসদের বিরুদ্ধে আমরা আইনি পদক্ষেপ করব।

আমরা তাঁকে আদালত পর্যন্ত নিয়ে যাব।” এরপরই তিনি বলেন, “কারও বিরুদ্ধে এসব বলা তাঁর শোভা পায় না। কীভাবে বলছেন, কাকে কত টাকা দেওয়া হয়েছে? তাকে কেউ টাকা দিয়েছে? কীভাবে তিনি জানলেন? ২০ জনের প্রতিনিধি হিসেবে আমি বলছি, এক টাকাও কাউকে দেয়নি



কেউ। এক টাকাও দেওয়ার কথা হয়নি কারও সঙ্গে। উনি মিথ্যে বলছেন। কারণ মনে হয়, উনি আসতে চান। তাই নিজের ভাউ (দাম) বাড়াচ্ছেন। এটা আমার মনে হচ্ছে।” এই নিয়ে কাকলি বলেন, “আমরা দলের অন্দরে অনেকবার প্রশ্ন তুলেছি। ২০১৬ সালে সারনা টিফিন্ডের টাকা তৃণমূলে এসেছে বলে টিভিতে দেখানোর পর মমতা বন্দ্যোপাধ্যায়কে ফোন করেছিলাম। উনি তখন বলেন, ‘টিভিতে যা দেখাচ্ছে, সেগুলো

বিস্তার করছে। এসব ভুল কথা।’ এরপরও যখনই প্রশ্ন করেছি, আমাদের থামিয়ে দেওয়া হয়েছে। আবার টিভিতে যখন গিয়েছি, কী বলতে হবে, লিখে দেওয়া হত। সেজন্য সেইসময় ভুল কথাও বলেছি।” তৃণমূলের একাংশ প্রশ্ন তুলছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গ ছাড়লেও সাংসদ পদে ইচ্ছা দিচ্ছেন না কেন বিরোধীরা? এই নিয়ে কাকলি বলেন, “যাঁরা আমাকে ভোট দিয়েছেন, তাঁদের সঙ্গে কথা বলছি। তাঁরা যদি বলেন, আপনি পদত্যাগ করে আবার লড়ুন, তাহলে আমার পদত্যাগ করে লড়ব।” এরপরই তিনি বলেন, “২০২৬ সালের বিধানসভা নির্বাচনে ভোটাররা স্পষ্ট করে দিয়েছেন, এই তৃণমূলকে তাঁরা চান না। ভোটারদের বিরুদ্ধে যেতে পারব না। আমরা একটা নতুন দলে যোগ দিয়েছি। তৃণমূলের বিরুদ্ধে মানুষের রায়কে সম্মান জানাব।” এনডিএ জোটের যোগা নিয়েও প্রশ্ন উঠছে। এই নিয়ে কাকলি বলেন, “আমরা বিজেপির বিরোধী ছিলাম। আমাদের দলের মধ্যে ব্রেনওয়াশ করা হত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী যা কাজ করছেন, তা তো আমরা দেখছি। আর বাংলায় নির্বাচনের পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এত দ্রুত কাজ করছেন। এর আগে এত বোয়াহীন কাজ হত যে আমরা বিরক্ত হয়ে উঠেছিলাম।”

লখনউয়ের কোচিং সেন্টারে বিধ্বংসী আগুন, মৃত বেড়ে ১৫! প্রাণ বাঁচাতে দোতলা থেকে ঝাঁপ পড়ুয়াদের

কিছু দোকানপাট রয়েছে। জানা গিয়েছে, সোমবার যখন ওই তিন তলা বাণিজ্যিক ভবনটিতে আগুন লাগে, তখন ভেতরে বহু শিক্ষার্থী ক্লাস করছিলেন। মুহূর্তের মধ্যে আগুন পুরো বিল্ডিংয়ে ছড়িয়ে পড়ে। প্রায় এক ঘণ্টারও বেশি সময় ধরে আগুনের তাণ্ডব চলল। দমকলের বেশ কয়েকটি ইঞ্জিনের অক্সিজেন নিয়ন্ত্রণে শেষ পর্যন্ত যখন আগুন নিয়ন্ত্রণে আসে, ততক্ষণে সব শেষ। ভেতর থেকে একে একে ১১টি নিখর পুড়ে যাওয়া দেহ বের করে আনেন উদ্ধারকারীরা। এনডিটিভি-কে দেওয়া সাক্ষাৎকারে স্থানীয় পথচারী ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, আগুন লাগার পর ভেতরে বহু শিক্ষার্থীসহ সাধারণ মানুষ আটকে পড়েছিলেন। তবে ঠিক কতজন ভেতরে ছিলেন, তা এখনও সরকারিভাবে স্পষ্ট করা হয়নি। ইতিমধ্যেই এই দুর্ঘটনার বেশ কিছু শিউরে ওঠা ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে, যা দেখে

কিছু দোকানপাট রয়েছে। জানা গিয়েছে, সোমবার যখন ওই তিন তলা বাণিজ্যিক ভবনটিতে আগুন লাগে, তখন ভেতরে বহু শিক্ষার্থী ক্লাস করছিলেন। মুহূর্তের মধ্যে আগুন পুরো বিল্ডিংয়ে ছড়িয়ে পড়ে। প্রায় এক ঘণ্টারও বেশি সময় ধরে আগুনের তাণ্ডব চলল। দমকলের বেশ কয়েকটি ইঞ্জিনের অক্সিজেন নিয়ন্ত্রণে শেষ পর্যন্ত যখন আগুন নিয়ন্ত্রণে আসে, ততক্ষণে সব শেষ। ভেতর থেকে একে একে ১১টি নিখর পুড়ে যাওয়া দেহ বের করে আনেন উদ্ধারকারীরা। এনডিটিভি-কে দেওয়া সাক্ষাৎকারে স্থানীয় পথচারী ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, আগুন লাগার পর ভেতরে বহু শিক্ষার্থীসহ সাধারণ মানুষ আটকে পড়েছিলেন। তবে ঠিক কতজন ভেতরে ছিলেন, তা এখনও সরকারিভাবে স্পষ্ট করা হয়নি। ইতিমধ্যেই এই দুর্ঘটনার বেশ কিছু শিউরে ওঠা ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে, যা দেখে



শিউরে উঠছেন নেটিজেনরা। একটি ভিডিওতে দেখা যাচ্ছে, বহুতলাটির দোতলার একটি ভাঙা জানালা দিয়ে এক যুবক কোনওমতে বাইরে

চোটে শেষ পর্যন্ত হাত ফস্কা সোজা নিচে পড়ে যান। মাটিতে পড়ার আগে তিনি একটি লোহার রেলিং বা বেড়ার ওপর আছড়ে পড়েন। নীচে দাঁড়িয়ে থাকা সাধারণ মানুষ তৎক্ষণাৎ ছুটে গিয়ে জখম ওই যুবককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। বর্তমানে তিনি চিকিৎসাধীন। অন্য এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, ভেতরে পরিস্থিতি এতটাই ভয়ানক হয়ে উঠেছিল যে ৫ থেকে ৭ জন শিক্ষার্থী জানলা দিয়ে সোজা নিচে ঝাঁপ দেন। উপর থেকে কংক্রিটের মোহাতে পড়ার কারণে এক শিক্ষার্থীর হাড়ও ভেঙে গেছে। আগুনের খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও দমকল বাহিনী। জানালার কাচ গুলি ভেঙে ফেলা হয়। এই মর্মান্তিক দুর্ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন, যেন দ্রুত ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে যোগাযোগ স্থাপন করা হয় এবং ক্ষতিগ্রস্তদের সব রকম সম্ভব সাহায্য ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। কী কারণে এই আগুন লাগল এবং বিল্ডিংটিতে অগ্নি-নির্বাণক উপ-মুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক। তিনি নিজে দাঁড়িয়ে থেকে উদ্ধারকাজের তদারকি করেন এবং আহতদের

চিকিৎসার সব রকম বন্দোবস্ত করার নির্দেশ দেন। এক প্রত্যক্ষদর্শী জানান, এটি একটি তিনতলা বিল্ডিং। আগুন লেগেছিল একদম ওপরের তলায় এবং তা অত্যন্ত দ্রুত নিচের দিকে ছড়িয়ে পড়তে শুরু করে। ভেতরে আটকে পড়াদের উদ্ধার করার জন্যই জানালার কাচগুলি ভেঙে ফেলা হয়। এই মর্মান্তিক দুর্ঘটনায় গভীর শোকপ্রকাশ করেছেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তিনি সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন, যেন দ্রুত ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সঙ্গে যোগাযোগ স্থাপন করা হয় এবং ক্ষতিগ্রস্তদের সব রকম সম্ভব সাহায্য ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। কী কারণে এই আগুন লাগল এবং বিল্ডিংটিতে অগ্নি-নির্বাণক উপ-মুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক। তিনি নিজে দাঁড়িয়ে থেকে উদ্ধারকাজের তদারকি করেন এবং আহতদের

২৩ জুন পদ্ম পুরস্কার প্রদান করবেন রাষ্ট্রপতি মুরু



নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ২২ জুনঃ রাষ্ট্রপতি দ্রৌপদী মুরু মঙ্গলবার, ২৩ জুন দ্বিতীয় নৌবাহিনীর তিনটি জাহাজ-‘আইএনএস দোনাগিরি’, ‘আইএনএস সংশোধক’ এবং ‘আইএনএস অগ্রয়’-এর কমিশনিং বা নৌবহরে অন্তর্ভুক্তি অনুষ্ঠানে যোগ দেন। কলকাতার ‘গার্ডেন রিচ শিপরিভার্শ’ অ্যান্ড ইঞ্জিনিয়ার্স’ এই এগুলোতে ৭৫ শতাংশেরও বেশি দেশীয় উপাদান ব্যবহার করা হয়েছে, যা ‘আত্মনির্ভর ভারত’-এর লক্ষ্যকে প্রতিফলিত করে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ‘ভারতীয় নৌবাহিনীতে আইএনএস অগ্রয়, আইএনএস দোনাগিরি এবং আইএনএস সংশোধক-কে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২১ জুন, ‘বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস’ হিসেবেও পালিত হচ্ছে। এটি এক আনন্দদায়ক কাকতালীয় বিষয়, এই

ভারত এখন নতুন সামুদ্রিক যুগের দিকে এগিয়ে চলেছেঃপ্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ২২ জুনঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত রবিবার সকালে শ্যামা প্রসাদ মুখার্জি বন্দরে ভারতীয় নৌবাহিনীর তিনটি জাহাজ-‘আইএনএস দোনাগিরি’, ‘আইএনএস সংশোধক’ এবং ‘আইএনএস অগ্রয়’-এর কমিশনিং বা নৌবহরে অন্তর্ভুক্তি অনুষ্ঠানে যোগ দেন। কলকাতার ‘গার্ডেন রিচ শিপরিভার্শ’ অ্যান্ড ইঞ্জিনিয়ার্স’ এই এগুলোতে ৭৫ শতাংশেরও বেশি দেশীয় উপাদান ব্যবহার করা হয়েছে, যা ‘আত্মনির্ভর ভারত’-এর লক্ষ্যকে প্রতিফলিত করে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ‘ভারতীয় নৌবাহিনীতে আইএনএস অগ্রয়, আইএনএস দোনাগিরি এবং আইএনএস সংশোধক-কে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২১ জুন, ‘বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস’ হিসেবেও পালিত হচ্ছে। এটি এক আনন্দদায়ক কাকতালীয় বিষয়, এই

সঙ্গীত মানবসভাতার অন্যতম সুন্দর অভিব্যক্তি, বিশ্ব সঙ্গীত দিবসে বার্তা মমতার

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ২২ জুনঃ বিশ্ব সঙ্গীত দিবসে তৃণমূলনৈত্রী মমতার বন্দ্যোপাধ্যায় বার্তা দিলেন সমাজ মাধ্যমে। এদিন তিনি ফেসবুক পেজে একটি পোস্টার শেয়ার করেছেন। তাতে জানিয়েছেন, শব্দের গণ্ডি পেরিয়ে, সীমানা ছাড়িয়ে সঙ্গীত মানবসভাতার অন্যতম সুন্দর অভিব্যক্তি হয়ে রয়ে গেছে। যে বিশ্বজনীন তাল অনুপ্রেরণা দেয়, নিরায়ক করে এবং প্রজন্মকে একসঙ্গে গেঁথে রাখে - সেই চিরন্তন হৃদকে শ্রদ্ধাউল্লেখ্য, প্রতি বছর ২১ জুন বিশ্ব সঙ্গীত দিবস হিসেবে উদযাপিত হয়। এটি এক বিশেষ দিন। এই ফ্রান্সে, একটি জনপ্রিয় লা মিউজিক’-এর সঙ্গীতের বিশ্ব উৎসব। ফ্রান্সে নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান এতে বিভিন্ন দেশের অংশগ্রহণ করে আরও বেঁচিএ্রাময় ও তুলেছে।১৯৮১ সালে ফ্রান্সের তৎকালীন সংস্কৃতিমন্ত্রী জ্যাক লাঙ এই উৎসবকে আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়ার উদ্যোগ নেন। পবনবতীতে ১৯৮২ সাল থেকে এই দিনটি ‘ ওয়ার্ল্ড মিউজিক ডে’ বা আন্তর্জাতিক সঙ্গীত দিবস হিসেবে বিশ্বজুড়ে স্বীকৃতি পায়।আনুষ্ঠানিক যাত্রার এক বছরের মাথায় ২১ জুনকে বিশ্ব সঙ্গীত দিবস হিসেবে প্রতিষ্ঠা করা সম্ভব হয়। ভালো গিরিক আর সুর ছুঁয়ে যায় সংবেদনশীল মানুষের মন। সঙ্গীরে নিজস্বত্ব আর স্কন্ধীতয় এতটাই ষেল যে সেটা কোনও বিশেষ অব্ধার ক্ষেত্রেও সীমাবদ্ধ হয়ে থাকেনি। যেনও কঁয়তরের নেত্র সঙ্গীতকে বাধা দিতে পারে না।

পশ্চিমবঙ্গকে রক্ষায় শ্যামাপ্রসাদের ভূমিকাকে স্মরণ গিরিরাজের, দুষলেন কংগ্রেস ও তৃণমূলকে
পাটনা (সংবাদ সংস্থা), ২২ জুনঃ পশ্চিমবঙ্গকে রক্ষায় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ভূমিকাকে স্মরণ করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। তিনি কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের সমালোচনাতেও সরব হয়েছেন। সোমবার সকালে পাটনায় সংবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ সিং বলেন, দেশভাগের সময় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বাংলাকে বাঁচিয়েছিলেন। কংগ্রেসের তােতাষণ নীতির ফলেই বাংলা পরিত্যক্ত হয়েছিল এবং তারপর তৃণমূল লুটপাট করে বাংলাকে শেষ করে দেয়। এখন সেখানে বিজেপি ক্ষমতায় থাকায় মানুষ দ্বিতীয়বারের মতো স্বাধীনতা উদযাপন করছে। তৃণমূলকে আক্রমণ করে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেন, তৃণমূল, মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি চপ্পল ও শাড়ি পরে সাদাসিধে পোশাকে পোজ দিতেন, মমতার নেতৃত্বেই লুটপাট চলছিল। মন্ত্রী থেকে শুরু করে মমতার নেতৃত্বাধীন সকলেরই এখন মুখোশ উন্মোচিত হচ্ছে। শ্যামাপ্রসাদকে স্মরণ করে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেন, দেশভাগের সময় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বাংলা রক্ষায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। কংগ্রেস তােতাষণ নীতি অনুসরণ করেছিল ও সমালোচকদের মতে, বাংলাকে অবহেলা করেছিল।

ডিএ ২০ শতাংশ বৃদ্ধির ঘোষণায় উচ্ছ্বাস, শান্তিপুরে মিষ্টি বিতরণ সরকারি কর্মচারীদের

শান্তিপুর, ২২ জুনঃ রাজ্য সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেটে সরকারি কর্মচারীদের জন্য ২০ শতাংশ মহার্ঘ ভাতা (ডিএ) বৃদ্ধির ঘোষণায় আনন্দে মেতে উঠলেন কর্মীরা। সোমবার বাজেট পেশের পর নদিয়ার শান্তিপুর বিভিও অফিসে সরকারি কর্মচারীদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়। একইসঙ্গে রাজ্য বিধানসভার কর্মচারীরাও গেরগো আবার খেলার সালি হন এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে অভিনন্দন জানান। বাজেট পেশ করে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত ঘোষণা করেন, রাজ্যের সরকারি কর্মচারীদের ডিএ ২০ শতাংশ বৃদ্ধি করা হচ্ছে। তবে এই বর্ধিত ডিএ আগামী ১ অক্টোবর থেকে কার্যকর হবে। দীর্ঘদিন ধরে বৈষ্যিক ডিএ এবং কেন্দ্রীয় ধরের সঙ্গে সমতা আনার দাবিতে আন্দোলন চালিয়ে আসছিল বিভিন্ন কর্মচারী সংগঠন।এই ঘোষণাকে

বিশেষ দিনেই আমরা ভারতের সর্বাধুনিক হাইড্রোগ্রাফি জাহাজ ‘আইএনএস সংশোধক’-কে নৌবাহিনীতে যুক্ত করেছে। আমি ভারতীয় নৌবাহিনী এবং এই প্রকল্পগুলোর সঙ্গে যুক্ত সকল বিজ্ঞানী, প্রকৌশলী ও কর্মীদের আন্তরিক অভিনন্দন জানাই। প্রধানমন্ত্রী বলেন, কয়েক বছর আগে, যখন আমরা ‘ আইএনএস বিক্রান্ত’-কে জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছিলাম, তখন বিশ্বের সামনে ভারতের সামুদ্রিক সক্ষমতা তুলে ধরেছিলাম। ‘ আইএনএস বিক্রান্ত’ থেকে বর্তমান সময় পর্যন্ত এই যাত্রা কেবল নতুন যুদ্ধজাহাজ অন্তর্ভুক্ত করার বিষয় নয় এটি ভারতের ক্রমবর্ধমান আত্মনির্ভর শীলতারই এক নিদর্শন। এখন ‘আইএনএস অগ্রয়’, ‘আইএনএস দোনাগিরি’ এবং ‘ আইএনএস সংশোধক’ এই যাত্রায় নতুন গতি সঞ্চার করছে।প্রধানমন্ত্রী বলেন,

জাহাজ নির্মাণ ক্ষেত্রে জন্য ভারত একটি নতুন লক্ষ্য ও পরিকল্পনা নিয়ে এগিয়ে চলা শুরু করেছে। সাম্প্রতিক বছরগুলোতে বেশ কিছু নীতিগত সংস্কার বাস্তবায়ন করা হয়েছে। দেশীয় উপাদান সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষ পদক্ষেপ নেওয়া হয়েছে। জাহাজ নির্মাণ, জাহাজ মেরামত এবং এমআরও-কে একটি গুরুত্বপূর্ণ জাতীয় কর্মসূচি হিসেবে বিবেচনা করা হচ্ছে। এখন ভারত প্রতিরক্ষা ক্ষেত্রে কেবল ক্রোতা হয়ে থাকতে চায় না। আমাদের সামরিক শক্তিকে বিশ্বের কাছে কেবল একটি বাজার হিসেবে গণ্য করা যায় না। প্রকৃত স্বীকৃতি কেবল বাজার হওয়ার মধ্যে নয়, বরং আত্মনির্ভরশীলতার মধ্যেই নিহিত। ভারত ‘ (শ্রুষ্ঠা) হয়ে উঠতে চায় এবং নির্মাতা হিসেবে আমরা ‘ (সিদ্ধান্ত গ্রহণকারী)-এর ভূমিকাতেও অবতীর্ণ হব। আমরা এই লক্ষ্যেই দ্রুতগতিতে এগিয়ে চলছি। গত কয়েক বছরে ভারতীয় নৌবাহিনী

ছত্তিশগড়ে রাহুল গান্ধী, সাংগঠনিক শিবিরে অংশ নিয়ে নতৃত্বের সঙ্গে বৈঠক



রায়পুর(সংবাদ সংস্থা) ২২ জুনঃ একদিনের দফরে রবিবার ছত্তিশগড়ে পৌঁছেছেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। রায়পুরের মানা বিমানবন্দরে তাকে কংগ্রেস কর্মীরা উষ্ণ অভ্যর্থনা জানান। সেখান থেকে তিনি সরাসরি অভনপুরে গিয়ে দলের আবাসিক প্রশিক্ষণ শিবিরে যোগ দেন।অভনপুরের চাঁদি মোড়ে আশুতোষ-অলকা আগরওয়ালা মন্ডল ভবনে আয়োজিত কংগ্রেসের ১০ দিনের সাংগঠনিক প্রশিক্ষণ শিবিরে রাজ্যের নবনিযুক্ত জেলা ও শহর কংগ্রেস সভাপতিরা অংশ নিয়েছেন। সেখানে প্রায় চার থেকে ছয় ঘণ্টা থাকার কথা রাহুল গান্ধী। শিবিরে তিনি দলের সাংগঠনিক কর্মকাণ্ড পর্যালোচনার পাশাপাশি বিভিন্ন জেলার নেতৃত্বের সঙ্গে মতবিনিময় করবেন এবং ভবিষ্যৎ

তামিলনাড়ুর গ্যাস দুর্ঘটনায় শোকপ্রকাশ মুখ্যমন্ত্রীর, সহায়তায় তিরুভল্লুরে ওড়িশার তিন শীর্ষ আধিকারিক

ভুবনেশ্বর(সংবাদ সংস্থা) ২২ জুনঃ তামিলনাড়ুর তিরুভল্লুরে আয়োমিয়া গ্যাস লিকের ঘটনায় সোমবার গভীর শোক প্রকাশ করেছেন ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি। দুর্ঘটনায় নিহত পরিবারের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে তিনি আহত ওড়িয়া শ্রমিকদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, এই মর্মান্তিক ঘটনায় তিনি অত্যন্ত ব্যথিত। ক্ষতিগ্রস্ত শ্রমিক ও তাঁদের পরিবারের পাশে ওড়িশা সরকারের সবসময় রয়েছে এবং প্রয়োজনীয় সব ধরনের সহায়তা করা হবে।রাজ্য সরকার ইতিমধ্যেই তামিলনাড়ু প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে। মুখ্যমন্ত্রীর নির্দেশে ওড়িশার মুখ্যসচিব অনু গর্গ তামিলনাড়ুর মুখ্যসচিবের সঙ্গে কথা

বলে আহত শ্রমিকদের চিকিৎসা ও অন্যান্য প্রয়োজনীয় সহায়তার বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানান।এদিকে, দুর্ঘটনায় আক্রান্ত ওড়িয়া শ্রমিক এবং তাঁদের পরিবারের পাশে দাঁড়তে ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় বজায় রাখতে ওড়িশা সরকারের তিন জন শীর্ষ আধিকারিককে তড়িঘড়ি তিরুভল্লুরে পাঠানো হয়েছে। তারা ঘটনাস্থলে পৌঁছে ত্রাণ ও সহায়তা কার্যক্রম তদারকির পাশাপাশি ক্ষতিগ্রস্ত শ্রমিকদের আর্থিক সহযোগিতা করবেন।ওড়িশা সরকার জানিয়েছে, এই সংকটের সময় ক্ষতিগ্রস্ত শ্রমিক ও তাঁদের পরিবারের যাতা কালে অসুবিধার সম্মুখীন হতে না হয়, তার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দুর্নীতিমুক্ত প্রশাসনিক কাঠামোয় জোর রাজ্য সরকারের
‘আপনার সরকার, আপনার পাশে’ নামে একটি নতুন উদ্যোগ নিয়েছে।রাজ্যে মোট ঋণ রয়েছে ৮ লক্ষ ১৫ হাজার ৮৯১ কোটি টাকার, ঘোষণা করেন অর্থমন্ত্রী স্বপন। মহিলাদের বিনামূল্যে বাস পরিবহার জন্য বরাদ্দ করা হচ্ছে ৫৫০ কোটি টাকা। এই উদ্দেশ্যে শ্রীহই পিঙ্গ কার্ড চালু করা হবে বলে ঘোষণা করেন অর্থমন্ত্রী।

যোগকে জীবনের অঙ্গ করার আহ্বান অনুপ্রিয়া প্যাটেলের, আন্তর্জাতিক যোগ দিবসে মুম্বইয়ে ব্যাপক উদযাপন

মুম্বই(সংবাদ সংস্থা) ২২ জুনঃ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে মুম্বইয়ে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে অংশ নিয়ে যোগব্যায়ামের গুরুত্ব তুলে ধরলেন কেন্দ্রীয় মন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল। রবিবার সকালে আয়োজিত এই কর্মসূচিতে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী জয়ন্ত চৌধুরী, বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর এবং শিবসেনা নেত্রী শাহিনা এনসি। অনুষ্ঠানে তারা বিভিন্ন ধরনের যোগাসন ও প্রণায়াম চর্চা করেন এবং সাধারণ মানুষকেও সুস্থ জীবনের জন্য যোগব্যায়াম গ্রহণের আহ্বান জানান।অনুষ্ঠান শেষে অনুপ্রিয়া প্যাটেল বলেন, বর্তমান



সময়ে মানুষের জীবনযাত্রা ও খাদ্যাভাস ক্রমশ অস্বাস্থ্যকর হয়ে উঠছে। পাশাপাশি পরিবেশ দূষণও মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব

ফেলছে। এই পরিস্থিতিতে শরীর ও মনকে সুস্থ রাখার অন্যতম কার্যকর উপায় হল নিয়মিত যোগব্যায়াম। তিনি সকলের উদ্দেশ্যে আহ্বান জানান, যোগকে নৈন্দিন জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ করে তুলতে হবে।এদিন শিবসেনা নেত্রী শাহিনা এনসি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে যোগব্যায়াম আজ বিশ্বজুড়ে নতুন মাত্রা পেয়েছে। বিভিন্ন দেশের মানুষ যোগচর্চার মাধ্যমে সুস্থ জীবনযাপনের দিকে এগিয়ে আসছেন। তার মতে, সুস্বাস্থ্যই মানুষের সংস্বে বা সম্পদ এবং সেই সম্পদ রক্ষার অন্যতম মাধ্যম হল যোগ।অন্যদিকে কেন্দ্রীয়

মন্ত্রী জয়ন্ত চৌধুরী যোগব্যায়ামের আধ্যাত্মিক দিকের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, যোগ কেবল শরীরচর্চার মধ্যে সীমাবদ্ধ নয়, এটি একটি পূর্ণাঙ্গ জীবনদর্শন। মানুষের মানসিক শান্তি, আত্মনিয়ন্ত্রণ এবং আধ্যাত্মিক বিকাশের ক্ষেত্রেও যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে দেশের বিভিন্ন প্রান্তের পাশাপাশি মুম্বইয়েও ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দিনটি পালন করা হয়। বিভিন্ন বয়সের মানুষ এই কর্মসূচিতে অংশ নিয়ে যোগব্যায়ামের মাধ্যমে সুস্থ ও সুখ্য জীবন গঠনের বার্তা ছড়িয়ে দেন।

সুস্বাস্থ্য কামনা করে বিজয়কে জন্মদিনের শুভেচ্ছা প্রধানমন্ত্রী মোদীর

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ২২ জুনঃতামিলনাড়ুর মুখ্যমন্ত্রী সি বিজয় জোসেফকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। জন্মদিনে বিজয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেছেন প্রধানমন্ত্রী মোদী। সোমবার সকালে এন্ড্র মাধামে এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী লেবেন, তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী সি বিজয় জোসেফকে জন্মদিনের শুভেচ্ছা। আমি তাঁর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করছি।তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী ও প্রাক্তন অভিনেতা থালাপথি বিজয়ের এখন ৫২ বছর বয়স। ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে অতুতপূর্ব ফল করে তাঁর দল তামিলগা ভেট্রি কাজগাম (টিভিকে)। অভিনেতা থেকে রাজনীতিবিদে উন্নীত হওয়া বিজয়কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কমল হাসান এবং নয়নতারা-সহ রাজনৈতিক ও চলচ্চিত্র জগতের বিভিন্ন ব্যক্তিত্ব শুভেচ্ছা জানিয়েছেন। টিভিকে-র ঐতিহাসিক নির্বাচনী জয়ের পর ১০ মে বিজয় মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন, যার মাধ্যমে তামিল সিনেমার অন্যতম বড় তারকা থেকে রাজ্যের সর্বোচ্চ রাজনৈতিক পদে তাঁর উত্তরণ সম্পন্ন হয়।

“কথা বলতে দেওয়া হচ্ছে না বিধানসভায়”, এই অভিযোগে ওয়াকআউট এআইএডিএমকে-র



চেন্নাই(সংবাদ সংস্থা), ২২ জুনঃ কথা বলতে দেওয়া হচ্ছে না বিধানসভায়, অধ্যক্ষের বিরুদ্ধে এই অভিযোগ এনে বিধানসভা থেকে সোমবার ওয়াকআউট করলো এআইএডিএমকে। রাজ্যের তিরুভল্লুরে কারখানায় গ্যাস লিকের ঘটনা প্রসঙ্গে এদিন তামিলনাড়ু বিধানসভার সদস্য জে.সি.ডি. প্রভাকর বলেন, একটি সামুদ্রিক খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্রে আয়োমিয়া গ্যাস লিকের ঘটনায় ডিএমকে, এআইএডিএমকে এবং আরও বেশ কিছু সদস্য বিধানসভায় এ বিষয়ে আলোচনার দাবি জানিয়েছেন। আমি বিরোধী সদস্যদের কথা বলার সুযোগ দেব।এআইএডিএমকে বিধায়করা তামিলনাড়ু বিধানসভা থেকে ওয়াক আউট করার পর এআইএডিএমকে-র সাধারণ সম্পাদক এডাল্লাদি পালানিস্বামী বলেন, জিরো অবাওয়ের স্পিকার আমাদের কথা বলতে দেননি। তাই আমরা ওয়াকআউট করছি। বিধানসভার ভেতরে আমাদের কথা বলার সুযোগ দেওয়া হচ্ছে না। আমরা স্পিকারকে জনগণের সমস্যা নিয়ে কথা বলার সুযোগ দিতে বলেছিলাম। আমাদের কথা বলার সুযোগ দেওয়া হচ্ছে না।

নিউ জিল্যান্ডকে হারিয়ে এফআইএইচ উইমেন্স নেশনস কাপ শিরোপা জিতল ভারত



অকল্যান্ড, ২২ জুনঃ দুর্দান্ত কর্ম বজায় রেখে ভারত রবিবার ফাইনালে স্বাগতিক নিউ জিল্যান্ডকে ২-০ গোলে হারিয়ে তাদের দ্বিতীয় এফআইএইচ উইমেন্স নেশনস কাপ শিরোপা জিতেছে এবং এফআইএইচ উইমেন্স প্রো লিগে খেলার যোগ্যতা অর্জন করেছে।নবনীত কৌর শুরুর ৪ মিনিটে ভারতকে ৬-০ গোলের দাপুটে জয় পায়।ভারতের মেয়েরা তাদের অগ্রগমন ধরে রাখতে এবং শিরোপা জিতে তে দুর্দান্ত রক্ষণাত্মক মৈপ্ণ্য প্রদর্শন করে, যা আগামী মরসুমে প্রো লিগে তাদের প্রত্য্যর্ভাবন নিশ্চিত করে।

১ লক্ষ সরকারি চাকরি, মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণ ও পুলিশে ২০ হাজার নিয়োগঃরাজ্য বাজেটে ঘোষণা

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ২২ জুনঃ রাজ্যের নতুন বিজেপি সরকারের প্রথম বাজেট বেলার যুবক-যুবতীদের জন্য বিরাট কর্মসংস্থানের ঘোষণা করেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। সোমবার বিধানসভায় বাজেট পেশ করার সময় তিনি জানান, রাজ্যে দ্রুত ১ লক্ষ শূন্যপদে সরকারি কর্মী নিয়োগ করা হবে। কর্মসংস্থানের এই বিপুল সুযোগের পাশাপাশি নারী ক্ষমতায়নে জোর দিয়ে অর্থমন্ত্রী ঘোষণা করেছেন, এই মোট শূন্যপদের মধ্যে ৩৩ শতাংশ আসন মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে।বাজেটের এই মেগা নিয়োগ পরিকল্পনার সিংহভাগই হতে চলেছে শিক্ষা ও পুলিশ প্রশাসনে। অর্থমন্ত্রীর ঘোষণা অনুযায়ী, মোট ১ লক্ষ পদের মধ্যে ৫০ হাজার পদে শিক্ষক-শিক্ষিকা এবং ২০ হাজার পদে নতুন পুলিশ কর্মী নিয়োগ করা হবে। পুলিশ প্রশাসনকে আরও শক্তিশালী করতে এবং নারীদের অংশগ্রহণ বাড়াতে রাজ্য রিজার্ভ ফোর্সে দুটি নতুন মহিলা ব্যাটালিয়ন তৈরির প্রস্তাবও দেওয়া হয়েছে। বাজেটে এর পাশাপাশি, সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে বডসড স্ক্রিটি দিয়ে চাকরিপ্রার্থীদের বয়সের উর্ধসীমায় ৫ বছরের ছাড় দেওয়ায় কথা পুনর্ব্যক্ত করেছেন অর্থমন্ত্রী। যোগ্য প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে নিউটাউনে একটি নতুন ‘সিভিল সার্ভিস ইনস্টিটিউশন’ বা প্রশিক্ষণ শিবির গড়ে তোলা হবে। একই সঙ্গে কলকাতায় একটি নতুন সংশ্লিষ্ট স্কুল তৈরির প্রস্তাবও রাখা হয়েছে বাজেটে।শুধু স্থায়ী সরকারি চাকরিই নয়, আধাসামরিক ও চুক্তিভিত্তিক কর্মীদের জন্যও বাজেটে ইতিবাচক পদক্ষেপের কথা বলা হয়েছে। যেখানে প্রযোজ্য, সেখানে সরকারি নিয়োগের ক্ষেত্রে ১০ শতাংশ আসন প্রাক্তন ‘অগ্নিবীরদের’ জন্য সংরক্ষিত রাখার প্রস্তাবও রাখাছেন অর্থমন্ত্রী। এ ছাড়াও সিভিল ডিফেন্স কর্মীদের জন্য মাসে ন্যূনতম ২০ গতি কাজের নিশ্চয়তা দেওয়া হয়েছে। পাশাপাশি, গ্রামীণ কর্মসংস্থানে দিনে আনতে রাজ্যে কেওয়াইসি নির্ভর জব কার্ড হোয়াসরদের জন্য ১২৫ দিনের কাজের সুযোগ নিশ্চিত করার বড় ঘোষণা করেছে নতুন সরকার।



আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে গত রবিবার থানামাকুমা মডেল হাই স্কুলে প্রধান শিক্ষক প্রদীপ কোলে ও শিক্ষক-শিক্ষিকামণ্ডলীর সহযোগিতায় যোগ প্রদর্শনীর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিপালয়ের ছাত্রী তিথি বারুগু ও রিয়া গিহে যোগাধারের বিভিন্ন কৌশল প্রদর্শন করে ছাত্রছাত্রীদের সহযোগিতা করে। অনুষ্ঠানে যোগব্যায়ামের উপকারিতা, শারীরিক ও মানসিক সুস্থতা বজায় রাখতে যোগাসনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়। **চিত্র-অরূপ নন্দ্য।**

রাশিফল

মেঘঃআজ আপনার জন্য শক্তি ও উদ্দীপনার ভরপুর একটি দিন। আপনি অনুভব করবেন যে আপনার ইচ্ছা ও স্বপ্ন পূরণের সঠিক সময় এসে গিয়েছে। কর্মক্ষেত্রে আপনার প্রচেষ্টার স্বীকৃতি মিলবে, যা আপনার আত্মবিশ্বাস বাড়াবে।
বৃষঃআজ আপনার জন্য আনন্দদায়ক ও অনুপ্রেরণামূলক দিন। নিজের ভিতরে নতুন এক শক্তির অনুভূতি পাবেন, যা আপনাকে লক্ষ্যপূরণের পথে এগিয়ে যেতে সাহায্য করবে। আপনার চিন্তাভাবনা হবে স্পষ্ট ও সংহত, ফলে সিদ্ধান্ত নিতে সুবিধা হবে।

মিথুনঃ জটিল পরিস্থিতিতে ঘাবড়ে যাবেন না। খাবারের স্বাদের জন্য যেমন নুন দায়ী তেমনি একটু অশান্তি না থাকলে সুখের গুরুত্ব বোঝা যায় না। সামাজিক অনুষ্ঠানে অংশ নিন- এতে আপনার মন ভালো থাকবে। আপনি অর্থ-সংক্রান্ত বিষয়ে কোনও মালমাল্য জড়িত থাকলে আদালত আজ আপনার পক্ষে সিদ্ধান্ত নেবে।
কর্কট রাশিঃ আপনার মন সাম্প্রতিক ঘটনার কারণে বিয়্তিত হবে। মেডিটেশন এবং যোগব্যায়াম আধ্যাত্মিক ও সেইসঙ্গে শারীরিক লাভের জন্য উপকারী প্রমাণিত হতে পারে। বিবাহের যোগ হতে পারে।

সিংহঃ আজ আপনাকে নতুন সম্ভাবনা ও আবিষ্কারের পথে নিয়ে যেতে পারে, তাই প্রতিটি সুযোগের সদ্ব্যবহার করার চেষ্টা করুন। স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকা জরুরি।
কন্যাঃআজ আপনার জন্য বহু মূল্যবান সুযোগ নিয়ে এসেছে। আপনার চিন্তার স্বচ্ছতা ও বিশ্লেষণী ক্ষমতা আজ অত্যন্ত শক্তিশালী থাকবে। কঠোর পরিশ্রম ও আন্তরিক নিষ্ঠার কারণে আপনি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সক্ষম হবেন।শুভদিন
তুলাঃ রক্তচাপের রোগীরা ডিড বাসে চাপার সময় তাঁদের স্বাস্থ্যের ব্যাপারে অতিরিক্ত বস্তুশীল থাকবেন। এটি ভালভাবে বোঝার উচিত যে শোকের মুহূর্তে, আপনার জমে থাকা সম্পদ কেবল আপনাকে পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করবে। বসংসারে শান্তি আসবে আজ
বৃশ্চিকঃ যারা মজা করার উদ্দেশ্য নিয়ে বেরিয়েছেন তাঁদের জন্য নিছকই আনন্দ এবং উপভোগ। আপনি আজ ব্যবসায় প্রচুর লাভ অর্জন করতে পারেন। আপনি আজ আপনার ব্যবসায় নতুন উচ্চতা দিতে পারেন। আর্থিক উন্নতি হবে।
ধনুঃ আজ আপনার জন্য আশা ও সম্ভাবনায় ভরপুর একটি দিন। আপনার কৌতূহল ও অনুসন্ধিসু মনোভাব আপনাকে নতুন অভিজ্ঞতার দিকে নিয়ে যাবে।

মকরঃ আজ আপনার জন্য সম্ভ্রুটি ও সাফল্যে ভরপুর একটি দিন। আজ আপনি আপনার কঠোর পরিশ্রমের ফল পাবেন। কর্মক্ষেত্রে আপনার প্রচেষ্টার প্রশংসা হবে এবং সহকর্মীদের মধ্যে একটি শক্তিশালী ভাবমূর্ত্তি গড়ে তুলবেন। শুভদিন।
কুম্ভঃ বন্ধুরা আপনাকে কোন বিশেষ ব্যক্তির সাথে আলাপ করাবে যিনি আপনার চিন্তায় লক্ষ্যণীয় প্রভাব ফেলবেন। আপনার ভাইবোনদের সহায়তায় আজ আপনি আর্থিক সুবিধা অর্জন করতে পারবেন।

বিবাহের যোগ হতে পারে আজ।
মীনঃআপনার সমস্যা নিয়ে চিন্তাভাবনা করার অভাাস এবং তাঁদের অতিরঞ্জিত করে দেখার ফলে আপনার নীতিবোধ দুর্বল হতে পারে। আপনার একটি বন্ধু আপনাকে আজ একটি বড় পরিমাণ ঋণ দিতে বলতে পারে। আপনি তাকে সহায়্য করার ফলে আপনি আর্থিকভাবে পন্থ হয়ে যেতে পারেন।
বিশেষ যাত্রা শুভ দিন হতে পারে

আবহাওয়া

কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই আপাতত বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি চলবে। একইসঙ্গে বইবে ঝোড়া হাওয়া। আগামী বুধ এবং বৃহস্পতিবারও কলকাতায় ঝড়-বৃষ্টি হতে পারে। গত কয়েক সপ্তাহ ধরে উত্তরবঙ্গে দুর্ঘোণ চলছে। আগামী শনিবার পর্যন্ত আবহাওয়ায় এই সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গে জেলাগুলিতে পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই বর্ষা প্রবেশ করছে। তারপর থেকেই বৃষ্টি হচ্ছে, তবে দক্ষিণবঙ্গে বৃষ্টিতে ঘাটতি রয়েছে। বিক্ষিপ্ত ঝড়-বৃষ্টির কারণে উত্তর অথবা দক্ষিণবঙ্গের কোথাও তাপমাত্রা বড়সড় কোনও পরিবর্তনের সম্ভাবনা নেই। আগামী সাত দিন তাপমাত্রা একইরকম থাকবে। সোমবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.০ ডিগ্রি সেলসিয়াস, শ্রাব্যবিকরে চেয়ে ১.৮ ডিগ্রি কম।আগামী কলকাতা জল হতে পারে ৯৫ শজ্জা এবং সর্বনিম্ন ৬৪ শতকরা আবহাওয়া দপ্তর থেকে জানা।

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৬টা ৪৫মিনিট এবং রাত ০৮ টা ৪৫মিনিটে।
ভাটা-বেলা ০৩টা ৪৫মিনিট এবং রাত ১০টা ৫৫ মিনিট।
সূর্যোদয় সকাল ৪টা ৫৫মিনিট হতে পারেএবং স্ত অস্ত যাবে আজ ৬টা ১৮মিনিটে হতে পারে।

ডিম নিক্ষেপ ও হেনস্তা বন্ধে হাই কোর্টে তৃণমূলের জনস্বার্থ মামলা

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : রাজ্যের বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে দলীয় নেতা-কর্মীদের উপর ধারাবাহিকভাবে ডিম নিক্ষেপ, বিক্ষোভ, হামলা এবং প্রকাশ্য হেনস্তার অভিযোগ তুলে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হল তৃণমূল কংগ্রেস। দলের দাবি, বিরোধী রাজনৈতিক শক্তি এবং একাংশের সংগঠিত আক্রমণের ফলে তাদের জনপ্রতিনিধি, নেতা ও কর্মীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এই পরিস্থিতিতে অবিলম্বে আদালতের হস্তক্ষেপ চেয়ে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছে। সোমবার কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোত্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে যে সাম্প্রতিক সময়ে দলের একাধিক শীর্ষ নেতা ও জনপ্রতিনিধির উপর পরিকল্পিতভাবে হামলা চালানো হয়েছে। বিশেষ করে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অজিতেক বন্দ্যোপাধ্যায়, শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, রাজসভার সাংসদ ভেরেক ও ব্রায়েন, তৃণমূল নেতা কুণাল ঘোষ এবং বিধায়ক মদন মিত্রের বিরুদ্ধে সংঘটিত একাধিক ঘটনার উল্লেখ করা হয়েছে মামলায়। মামলার নথিতে বলা হয়েছে, দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরে রাজনৈতিক কর্মসূচিতে গিয়ে হামলার মুখে পড়েছিলেন অভিযুক্ত বন্দ্যোপাধ্যায়। একইভাবে হুগলির চণ্ডীতলায় রাজনৈতিক কর্মসূচির সময় বিক্ষোভ ও আক্রমণের অভিযোগ ওঠে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে। কয়েক দিন আগে কালীঘাটে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির সামনে কুণাল ঘোষের উপর ডিম নিক্ষেপের ঘটনাও মামলায় উল্লেখ করা হয়েছে। অন্যদিকে কামাহাটিতে নিজের বিধানসভা এলাকায় কর্মসূচি চলাকালীন মদন মিত্রের গাড়িতে ভাঙুর ও হামলার অভিযোগও তুলে ধরা হয়েছে আদালতের কাছে। তৃণমূলের দাবি, শুধু শীর্ষ নেতাবাই নয়, রাজ্যের বিভিন্ন গ্রাম্ভে দলীয় কর্মী এবং সমর্থকদেরও নিয়মিত আক্রমণের মুখে পড়তে হচ্ছে। একাধিক জায়গায় দলীয় কার্যালয়ে ভাঙুর চালানো হয়েছে বলেও অভিযোগ করা হয়েছে। রাজনৈতিক প্রতিহিংসার মাধ্যমে দলের সাংগঠনিক কার্যকলাপ ব্যাহত হচ্ছে এবং সাধারণ কর্মীদের অর্থে অতর্কিত পরিবেশ তৈরি হয়েছে বলে দাবি মামলাকারীদের। এছাড়াও জনস্বার্থ মামলায় গ্রেফতার হওয়া তৃণমূল নেতাদের সঙ্গে আরও নিরপে প্রশ্ন তোলা হয়েছে। অভিযোগ, বিভিন্ন মামলায় গ্রেফতারির পর অভিযুক্ত তৃণমূল নেতাদের কোমরে দণ্ড বৈধে জনসমক্ষে নিয়ে যাওয়া হচ্ছে, যা তাদের সামাজিক মর্যাদা এবং সাংবিধানিক অধিকারের পরিপন্থী। আদালতের কাছে এই ধরনের পদক্ষেপের বৈধতা নিয়েও প্রশ্ন তোলা হয়েছে। প্রসঙ্গত, রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর থেকে বিভিন্ন দুর্নীতি, আর্থিক অনিয়ম এবং প্রশাসনিক অভিযোগে স্বরেন পর এক তৃণমূল নেতাকে গ্রেফতার করা হচ্ছে। সেই সব নেতাদের থানায় বা আদালতে নিয়ে যাওয়ার সময় বহু ক্ষেত্রে বিক্ষোভের মুখে পড়তে হচ্ছে পুলিশকে। অভিযুক্তদের লক্ষ্য করে ডিম, কালি বা অন্যান্য বস্তু নিক্ষেপের ঘটনাও সামনে এসেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এবং নিরাপত্তার স্বার্থে অনেক ক্ষেত্রেই পুলিশ ধৃতদের মাথায় হেলমেট পরিয়ে আদালত বা থানায় নিয়ে যাচ্ছে। এই পরিস্থিতিতে তৃণমূল কংগ্রেসের দাবি, আইন নিজের পথে চলুক, কিন্তু কোনও ব্যক্তিকে আদালতের বিচারের আগে জনসমক্ষে অপমান বা আক্রমণ শিকার হতে দেওয়া যায় না। সেই কারণেই ডিম নিক্ষেপ, হামলা এবং রাজনৈতিক হেনস্তার বিরুদ্ধে আইনি সুরক্ষা চেয়ে তারা উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছে। এমন এই মামলায় আদালত কী পর্যবেক্ষণ স্নেে এবং প্রশাসনের প্রতি কী নির্দেশ জারি করে, তার দিকেই নজর রাজনৈতিক মহলে।

ধার শোধ নিয়ে বিবাদ, শিবপুরে নৃশংস খুন গৃহবধূর!

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : ধার দেওয়া টাকা ফেরত না পাওয়া এবং তা নিয়ে দীর্ঘদিনের বিবাদের জেরে এক গৃহবধূকে নৃশংসভাবে খুন করার অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করল পুলিশ। রবিবার সন্ধ্যায় হাওড়ার শিবপুরেও ওলাবিবি তলা এলাকায় ঘটে যাওয়া এই রক্তাক্ত ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। বহুতল আবাসনের নীচে ঢেকে এনে থারালে অস্ত্র দিয়ে গলার নলি কেটে খুন করা হয় এক মহিলাকে। ঘটনার পরদেই নেমে এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে অভিযুক্তকে চিহ্নিত করে পুলিশ। পরে তাকে গ্রেপ্তার করা হলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে খুনের কথা স্বীকার করেছে বলে দাবি তদন্তকারীদের। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম রাজদীপ মুখোপাধ্যায়। তিনি মধ্য হাওড়ার কাসুপিন্দা শিবতলা এলাকার বাসিন্দা। তদন্তকারীদের দাবি, জেতার মুখে রাজদীপ জানিয়েছেন যে, নিহত ভারতী হাজরাকে তিনি প্রায় দেড় লক্ষ টাকা ঋণ দিয়েছিলেন। সেই টাকা দীর্ঘদিন ধরে ফেরত না পাওয়ায় দুই পক্ষের মধ্যে সম্পর্কের অবনতি ঘটে। অভিযুক্তের দাবি, সম্প্রতি তাঁর মায়ের ক্যানসার ধরা পড়েছে এবং বর্তমানে তিনি হাওড়ার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। চিকিৎসার খরচ জোগাতে তিনি ধার দেওয়া টাকা ফেরত চাইছিলেন। ধৃতের বয়ান অনুযায়ী, টাকা ফেরত চাওয়ার পরও তিনি কোনও ইতিবাচক সাড়া পাননি। বরং কোনো তাকে অপমান করা হয় এবং তাঁর অসুস্থ মাকে নিয়েও কটুক্তি করা হয় বলে অভিযোগ। এমনকি তাঁর মায়ের মৃত্যুকামনাও করা হয়েছিল বলে দাবি করেছে তিনি। সেই ঘটনার পর থেকেই তিনি মানসিকভাবে উত্তেজিত হয়ে পড়েন। পরে পরিকল্পনা করে একটি ছুরি কেনেন এবং রবিবার সন্ধ্যায় ভারতী হাজরাকে ফোন করে আবাসনের নীচে ডেকে আনেন। সেখানে দু’জনের মধ্যে কথাকাটাকাটির এক পর্যায়ে তিনি ধারালো অস্ত্র দিয়ে হামলা চালান বলে পুলিশের কাছে স্বীকারোক্তি দিয়েছেন বলে জানা গিয়েছে। অন্যদিকে নিহত মহিলার পরিবারের বক্তব্য সম্পূর্ণ ভিন্ন। পরিবারের দাবি, বিশেষ প্রয়োজনের কারণে রাজদীপের কাছ থেকে প্রায় ৫০ হাজার টাকা ধার নিয়েছিলেন ভারতী হাজরা। সেই ঋণের টাকা নিয়মিত পরিশোধও করা হচ্ছিল। কিন্তু কিছুদিন ধরে পুরো অর্থ একসঙ্গে ফেরত দেওয়ার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছিল বলে অভিযোগ। মৃত্যর স্বামী সূত্রত হাজরার দাবি, বারবার টাকা আদায়ের জন্য হুমকি দেওয়া হচ্ছিল। এমনকি একাধিকবার লোক পাঠিয়ে ভয় দেখানো হয়েছিল বলেও অভিযোগ করছেন তিনি। ঘটনার পর এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় শিবপুর থানার পুলিশ। সিসিটিভি ফুটেজ সগ্রহণ করে তদন্ত শুরু করা হয়। ফুটেজ বিশ্লেষণ করেই অভিযুক্তের গতিবিধি সম্পর্কে গুরুত্বপূর্ণ সূত্র হাতে আসে তদন্তকারীদের। এরপর দ্রুত অভিযোগ চলিয়ে রাজদীপকে গ্রেপ্তার করা হয়। সোমবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়েছে।

মেসি কাণ্ডে ফের বিধানসভার দক্ষিণ থানায় অরুণ বিশ্বাস, জুতোয় মালা হাতে ক্ষুদ্র জনতার ভিড়

বহুচর্চিত ‘মেসি কাণ্ড’-এর তদন্তে ফের বিধাননগর দক্ষিণ থানায় হাজিরা দিলেন প্রাক্তন ক্রীডামন্ত্রী অরুণ বিশ্বাস। সোমবার সকালে তিনি থানায় পৌঁছন, যেখানে তদন্তকারীরা তাকে দ্বিতীয়বারের জন্য জিজ্ঞাসাবাদ করেন। এর আগে গত ১৮ জুন একই মামলার থানায় হাজিরা দিয়েছিলেন তিনি। তবে তদন্তকারী সূত্রে খবর, সেদিনের জিজ্ঞাসাবাদে পাওয়া উত্তর নিয়ে সম্পূর্ণ সন্তুষ্ট হতে পারেননি তদন্তকারীরা। সেই কারণেই তাঁকে ফের তলব করা হয় এবং সেই নির্দেশ মেনেই এদিন থানায় উপস্থিত হন অরুণ। মেসিকে ঘিরে আয়োজিত একটি অনুষ্ঠানের নানা অনিয়ম ও আর্থিক দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে শুরু হওয়া এই মামলাটি ইতিমধ্যেই রাজ্যের রাজনৈতিক এবং ক্রীড়া মহলে ব্যাপক আলোড়ন ফেলেছে। গত ১৭ মে অনুষ্ঠানের অন্যতম আয়োজক শতদ্রু দত্ত বিধাননগর দক্ষিণ থানায় অরুণ বিশ্বাসের বিরুদ্ধে একটি এফআইআর দায়ের

তৃণমূলের তিন ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ, ৪৪০ কোটি টাকা নিয়ে হাই কোর্টের দ্বারস্থ ‘নব্য তৃণমূল’

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : আচমকাই তৃণমূল কংগ্রেসের তিনটি গুরুত্বপূর্ণ ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ হয়ে যাওয়াকে কেন্দ্র করে রাজ্যের রাজনৈতিক সেন্তে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। এই সিদ্ধান্তের ফলে কার্যত আর্থিক সংকটের মুখে পড়েছে দলের কেন্দ্রীয় নেতৃত্বের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ বলে পরিচিত ‘কালীঘাট তৃণমূল’। অ্যাকাউন্ট গুলি কোন কর্তৃপক্ষের নির্দেশে এবং কী কারণে ফ্রিজ করা হল, সেই প্রশ্নের উত্তর জানতে এবার কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছে শাসকদল। সোমবার কলকাতা হাই কোর্টে বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জরুরি ভিত্তিতে মামলার অনুমতি চাওয়া হয়। আদালত সেই আবেদন গ্রহণ করায় খুব শীঘ্রই বিষয়টির আনুষ্ঠানিক শুনানি শুরু হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। দলীয় সূত্রে জানা গিয়েছে, ফ্রিজ করা তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে মোট প্রায় ৪৪০ কোটি টাকা জমা রয়েছে। অ্যাকাউন্ট গুলি বন্ধ হয়ে যাওয়ার ফলে বর্তমানে ওই অর্থে কোনও ধরনের লেনদেন করা সম্ভব হচ্ছে না। ঘটনার সূত্রপাত কয়েক দিন আগে। তৃণমূল কংগ্রেসের কোষাধ্যক্ষ অরুণ বিশ্বাস দলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট গুলি ফ্রিজ করার দাবি জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একটি চিঠি প্রদান। তাঁর দাবি ছিল, অ্যাকাউন্ট গুলির আর্থিক লেনদেন নিয়ে একাধিক প্রশ্ন রয়েছে এবং সেগুলির নিরপেক্ষ তদন্ত প্রয়োজন। অরুণের এই অবস্থানকে প্রকাশ্যে সমর্থন করেন দলেরই আর এক

জয়নগর মজিলপুর পৌরসভার ভোটে অস্ত্র দেখিয়ে ভয় দেখানো ও ভোট লুটের অভিযোগে গ্রেফতার ৩

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ২২ জুন : ২০২২ সালে জয়নগর মজিলপুর পৌরসভার ভোটে আশ্রয়োস্ত্র দেখিয়ে ভোটরূপের ভয় দেখানো ও ভোট লুটের ঘটনায় যুক্ত থাকার অভিযোগে গ্রেফতার তিন বকখালির হোটেল থেকে। ধৃত জনৈজনের দুজন জয়নগর বিধানসভার বকুলতলা থানার সাহাজাদপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের সদস্য।রাজ্যে পালাবদলের পর থেকে এরপরে পর এক তৃণমূল কংগ্রেসের ঘনিষ্ঠ দৃষ্কৃতি, পঞ্চায়েত সদস্যরা গ্রেফতার হচ্ছে।আর ক্ষমতায় আসার পরে

চেতলা অগ্রণীর সুইমিং পুলে মর্মান্তিক মৃত্যু, সাঁতার কাটতে নেমে প্রাণ হারালেন তরুণ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : চেতলা অগ্রণীর সুইমিং পুলে সাঁতার কাটতে নেমে মর্মান্তিক মৃত্যু হল এক তরুণের। সোমবার সকালে ঘটে যাওয়া এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। কী কারণে ওই তরুণ জলের মধ্যে তলিয়ে গেলেন, তা নিয়ে ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে পুলিশ। প্রাথমিকভাবে ঘটনাটি দুর্ঘটনা বলেই মনে করা হলেও মৃত্যুর প্রকৃত কারণ জানতে একাধিক দিক খতিয়ে দেখা হচ্ছে। মৃতের নাম ঋত্বিক চক্রবর্তী। তিনি দক্ষিণ কলকাতার বাদামতলা আষাঢ় এবং এলাকার নেপাল ভট্টাচার্য স্ট্রিটের বাসিন্দা বলে জানা গিয়েছে। পরিবার সূত্রে খবর, নিয়মিতভাবেই সাঁতার কাটতে যেতেন ঋত্বিক। সোমবার সকালেও তিনি চেতলা অগ্রণীর সুইমিং পুলে যান এবং স্বাভাবিকভাবেই জলে নামেন। প্রত্যক্ষদর্শীদের বক্তব্য, পুলে নামার কিছুক্ষণ পর আচমকাই তাঁকে জলের মধ্যে অসংলগ্নভাবে নড়াচড়া করতে দেখা যায়। মূহূর্তের মধ্যেই তিনি

নেতা ঋত্বরত বন্দ্যোপাধ্যায়। তিনি মন্তব্য করেন, ওই অ্যাকাউন্টে কার্টামানির টাকা রয়েছে কি না, কে জানে। আমি অরুণ বিশ্বাসের সঙ্গে



সহমতা তদন্ত হওয়া উচিত। এরই মধ্যে শুক্রবার বিধাননগর দক্ষিণ থানায় ‘খাতপন্থী হিসেবে পরিচিত ১০ জন তৃণমূল বিধায়ক লিখিত অভিযোগ করা দেন। অভিযোগপত্রে তাঁরা দলীয় অ্যাকাউন্ট গুলির আর্থিক লেনদেন নিয়ে তদন্তের দাবি জানান এবং তদন্ত চালাকালীন সংশ্লিষ্ট অ্যাকাউন্ট গুলি অবিলম্বে ফ্রিজ করার আবেদন করেন। অভিযোগ পাওয়ার পর তদন্তে নামে পুলিশ। এরপরেই তৃণমূল কংগ্রেসের তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করা হয়েছে বলে জানা যায়। এই পরিস্থিতিতে সোমবার হাই কোর্টের দ্বারস্থ হয় ‘কালীঘাট তৃণমূল’। দলের আইনজীবীরা দাবি, কোনও যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করেই অ্যাকাউন্ট গুলি ফ্রিজ করা হয়েছে, যার ফলে রাজনৈতিক দল হিসেবে তাদের স্বাভাবিক সাংগঠনিক ও প্রশাসনিক

নারী কল্যাণ, কর্মসংস্থান ও পরিকাঠামো উন্নয়নে জোর, বিধানসভায় পেশ সরকারের বাজেট

সৈকত দাস, কলকাতা,২২ জুনঃ রাজ্যের সামগ্রিক উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি, নারী ক্ষমতায়ন এবং

পরিকাঠামোগত উন্নয়নকে সামনে রেখেই সোমবার বিধানসভা পেশ হলে পশ্চিমবঙ্গ সরকারের পূর্ণাঙ্গ বাজেট ২০২৬-২৭। অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বিধানসভায় এই বাজেট পেশ করেন। সরকারের দাবি, এই বাজেটের মূল লক্ষ্য হল সুসদৃ, স্বনির্ভর এবং উন্নত পশ্চিমবঙ্গ গড়ে তোলা।এবারের বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে নারী কল্যাণ, শিক্ষা, স্বাস্থ্য, শিল্পোন্নয়ন এবং সরকারি কর্মচারীদের স্বার্থরক্ষার উপর। একইসঙ্গে আগামী কয়েক বছরে রাজ্যে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি এবং নতুন শিল্প বিনিয়োগের পথ সুগম করার লক্ষ্যে একাধিক গুরুত্বপূর্ণ ঘোষণা করা হয়েছে।বাজেটে সবচেয়ে উল্লেখযোগ্য ঘোষণা হিসেবে উঠে এসেছে ‘অন্নপূর্ণা যোজনা’। মহিলাদের আর্থিক স্বনির্ভরতা ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এই প্রকল্পে প্রায় ৩৬ হাজার কোটি টাকা ব্যয়ের কথা ঘোষণা করা হয়েছে। সরকারের দাবি, এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের কয়েক কোটি মহিলা প্রত্যক্ষভাবে উপকৃত হবেন। শুধু তাই নয়, সরকারি ও স্বাস্থ্য পরিষেবা বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের জন্য ৩৬ শতাংশ সরকারকোষে প্রস্তাবও বাজেটে রাখা হয়েছে। আগামী ২৫ জুন বেঙ্গ ২৬ জুলাই পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় এক মাসব্যাপী প্রশিক্ষণ শিবিরের আয়োজন করতে চলেছে দল। এই শিবিরে অংশগ্রহণকারী কর্মীদের শুধু দলীয় আদর্শ ও ইতিহাস সম্পর্কেই শিক্ষা দেওয়া হবে না, পাশাপাশি একটি নির্দিষ্ট আয়ের মাধ্যমে পরীক্ষাও দিতে হবে। সেই পরীক্ষায় উত্তীর্ণ হলেই মিলবে শংসাপত্র বা সার্টিফিকেট। দলীয় সূত্রে খবর, ‘ নামের একটি অ্যাপের মাধ্যমে কর্মীদের জ্ঞান যাচাই করা হবে। সেখানে বিজেপির ইতিহাস, আদর্শ, সংগঠন এবং রাজনৈতিক দর্শন নিয়ে একাধিক প্রশ্ন থাকবে।

সরল অ্যাপে পরীক্ষা, পাস করলেই সার্টিফিকেট! নতুন ভূমিকায় কর্মীদের গড়ে তুলতে মাসব্যাপী প্রশিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : বদলে যাওয়া রাজনৈতিক পরিস্থিতিতে দলের কর্মীদের নতুন দায়িত্ব ও ভূমিকার সঙ্গে মানিয়ে নিতে বিশেষ উদ্যোগ নিল বঙ্গ বিজেপি। আগামী ২৫ জুন বেঙ্গ ২৬ জুলাই পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় এক মাসব্যাপী প্রশিক্ষণ শিবিরের আয়োজন করতে চলেছে দল। এই শিবিরে অংশগ্রহণকারী কর্মীদের শুধু দলীয় আদর্শ ও ইতিহাস সম্পর্কেই শিক্ষা দেওয়া হবে না, পাশাপাশি একটি নির্দিষ্ট আয়ের মাধ্যমে পরীক্ষাও দিতে হবে। সেই পরীক্ষায় উত্তীর্ণ হলেই মিলবে শংসাপত্র বা সার্টিফিকেট। দলীয় সূত্রে খবর, ‘ নামের একটি অ্যাপের মাধ্যমে কর্মীদের জ্ঞান যাচাই করা হবে। সেখানে বিজেপির ইতিহাস, আদর্শ, সংগঠন এবং রাজনৈতিক দর্শন নিয়ে একাধিক প্রশ্ন থাকবে।

কর্মীদের সেই প্রশ্নগুলির সঠিক উত্তর দিতে হবে। পরীক্ষায় সফল হলে তারেই তাঁদের প্রশিক্ষণ সম্পূর্ণ বলে গণ্য করা হবে এবং দেওয়া হবে সার্টিফিকেট। আপত্তিক এই মূল্যায়ন ব্যবস্থায় বিজেপির প্রতিষ্ঠাকাল, জনসংঘের ইতিহাস, দলের সাংগঠনিক কাঠামো এবং আদর্শগত ভিত্তি নিয়ে প্রশ্ন থাকবে। পাশাপাশি দলের ‘ একাছা মানবতাবাদের দর্শন, প্রতিষ্ঠাতা নেতাদের ভূমিকা এবং সংগঠনের বিবর্তন সম্পর্কেও কর্মীদের জ্ঞান থাকা প্রয়োজন বলে মনে করে নেতৃত্ব। সেই কারণেই প্রশিক্ষণের

সরকারি কর্মচারীদের মধ্যে। সেই প্রেক্ষাপটে এবারের বাজেটে সরকারি কর্মচারীদের জন্য ২০ শতাংশ ডিএ বৃদ্ধির ঘোষণা অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এই ঘোষণার ফলে রাজ্যের লক্ষাধিক সরকারি কর্মচারী ও পেনশনভোগী উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে।যুব সমাজের কর্মসংস্থানকে বিশেষ অগ্রাধিকার দিয়েছে সরকার। বাজেটে আগামী দিনে এক লক্ষ নতুন সরকারি চাকরির সম্ভাবনার কথা জানানো হয়েছে। পাশাপাশি শিল্প বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে বেসরকারি ক্ষেত্রেও বিপুল কর্মসংস্থান সৃষ্টির উপর জোর দেওয়া হয়েছে। রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলে নতুন শিল্প স্থাপন, তথাপ্রযুক্তি খাতের সম্প্রসারণ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অর্থনীতিকে আরও শক্তিশালী করার পরিকল্পনা করা হয়েছে।বাজেট পেশের পর পরিকল্পনার দিকেও মূল উল্লেখ করা হয়েছে। উত্তরবঙ্গের সামগ্রিক উন্নয়নের স্বার্থে সেখানে একটি করে অহিআইটি, অহিআইএম এবং এইমস প্রতিষ্ঠার প্রস্তাব ঘোষণা করা হয়েছে। সরকারের মতে, এই প্রতিষ্ঠানগুলি গড়ে উঠলে উত্তরবঙ্গ উর্দ্যশিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করবে।এছাড়াও বিভিন্ন জেলায় নতুন মেডিক্যাল কলেজ, নার্সিং প্রশিক্ষণ কেন্দ্র এবং আধুনিক স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণের উপর জোর দেওয়া হয়েছে। রাজ্যের ও পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রেও একাধিক বড় প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছে। কলকাতার দ্বিতীয় বিমানবঃদর নির্মাণের পাশাপাশি রাজ্যের বিভিন্ন অংশে তিাটি নতুন এয়ারফিল্ড তৈরির প্রস্তাব রাখা

হয়েছে।এছাড়া নতুন সড়ক নির্মাণ, সেতু সংস্কার, গ্রামীণ রাস্তার উন্নয়ন, নগর পরিকাঠামো সম্প্রসারণ এবং পরিবহণ ব্যবস্থার আধুনিকীকরণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।সরকারের দাবি, এই সমস্ত প্রকল্প বাস্তবায়িত হলে শিক্ষা, বাণিজ্য, পর্যটন এবং বিনিয়োগের ক্ষেত্রে রাজ্য নতুন উচ্চতায় পৌঁছবে।শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, গ্রামীণ উন্নয়ন, পানীয়, জল, সামাজিক সুরক্ষা এবং দরিদ্র কল্যাণমূলক প্রকল্পগুলিতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে। সরকারের দাবি, বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে বেসরকারি ক্ষেত্রেও বিপুল কর্মসংস্থান সৃষ্টির উপর জোর দেওয়া হয়েছে। রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলে নতুন শিল্প স্থাপন, তথাপ্রযুক্তি খাতের সম্প্রসারণ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অর্থনীতিকে আরও শক্তিশালী করার পরিকল্পনা করা হয়েছে।বাজেট পেশের পর পরিকল্পনার দিকেও মূল উল্লেখ করা হয়েছে। উত্তরবঙ্গের সামগ্রিক উন্নয়নের স্বার্থে সেখানে একটি করে অহিআইটি, অহিআইএম এবং এইমস প্রতিষ্ঠার প্রস্তাব ঘোষণা করা হয়েছে। সরকারের মতে, এই প্রতিষ্ঠানগুলি গড়ে উঠলে উত্তরবঙ্গ উর্দ্যশিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করবে।এছাড়াও বিভিন্ন জেলায় নতুন মেডিক্যাল কলেজ, নার্সিং প্রশিক্ষণ কেন্দ্র এবং আধুনিক স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণের উপর জোর দেওয়া হয়েছে। রাজ্যের ও পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রেও একাধিক বড় প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছে। কলকাতার দ্বিতীয় বিমানবঃদর নির্মাণের পাশাপাশি রাজ্যের বিভিন্ন অংশে তিাটি নতুন এয়ারফিল্ড তৈরির প্রস্তাব রাখা

হয়েছিল এবং কোন আদর্শকে সামনে রেখে সংগঠন বিস্তার লাভ করেছে, সেই বিষয়গুলিও বিস্তারিতভাবে তুলে ধরা হবে। পাশাপাশি বর্তমান সময়ে দলের কর্মীদের দায়িত্ব, সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ বৃদ্ধি এবং সরকারের বিভিন্ন উদ্যোগ মানুষের কাছে পৌঁছে দেওয়ার



শিবিরকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বর্তমান রাজনৈতিক বাস্তবতার কারণে। দলের মতে, নতুন পরিস্থিতিতে সংগঠনের দায়িত্ব যেমন বেড়েছে, তেমনি বেড়েছে জনসাধারণের প্রত্যাশাও। ফলে কর্মীদের শুধু রাজনৈতিক কর্মসূচি পরিচালনা করলেই হবে না, প্রশাসনিক ও সাংগঠনিক সমন্বয়ের ক্ষেত্রেও দক্ষ হতে হবে। প্রশিক্ষণ শিবিরে দলের ইতিহাসের পাশাপাশি সংগঠন পরিচালনার বিভিন্ন দিক নিয়েও আলোচনা হবে। কীভাবে জনসংঘের পথচলা শুরু হইছিল, কীভাবে পরবর্তীকালে বিজেপির জন্ম

বিশেষ প্রশিক্ষণ শিবির আয়োজন করা হবে। এই গোটা কর্মসূচির তদারকির দায়িত্বে রয়েছেন রাজ্য বিজেপির সভা প্রতাপ বন্দ্যোপাধ্যায়। তিনি জানিয়েছেন, দলের ভাষধারা, সংগঠনের ইতিহাস এবং আদর্শগত শিক্ষা এই প্রশিক্ষণের মূল বিষয়। একই সঙ্গে প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কীভাবে সংগঠনের কাজ এগিয়ে নিয়ে যেতে হবে, সেই বিষয়েও কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হবে। আগামী এক মাস ধরে রাজ্যের বিভিন্ন প্রান্তে চলতে থাকা এই কর্মসূচিকে ঘিরে ইতিমধ্যেই দলীয় কর্মীদের মধ্যে উসাহ লক্ষ্য করা যাচ্ছে।

তারেকশ্বরে প্রাক্তন পুরপ্রধানকে ঘোরানো হল রাস্তায়, প্রাক্তন বিধায়কের উপর ডিম নিক্ষেপ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ২২ জুন : রাজনৈতিক উত্তেজনার আবহে সোমবার কার্যত তেলপাড হয়ে উঠল হুগলির তারেকশ্বর ও ধনেশালি এলাকা। একদিকে তারেকশ্বর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান স্বপন সামন্তকে প্রকাশ্যে অপমান করার অভিযোগ উঠল বিজেপি কর্মী-সমর্থকদের বিরুদ্ধে, অন্যদিকে ধনেশালি থানা থেকে আদালতে নিয়ে যাওয়ার সময় প্রাক্তন তৃণমূল বিধায়ক রামেঃদু সিংহ রায়ের উপর ডিম নিক্ষেপে। এক ঘটনা ঘিরে নতুন করে চাঞ্চল্য ছড়াল জেলায়। সোমবার সকালে তারেকশ্বরের পদ্মপুকুর এলাকায় এক নাটকীয় পরিস্থিতির সৃষ্টি হয়। অভিযোগ, দুর্নীতি, তেলোবাজি এবং অভিযোগকে সামনে রেখে প্রাক্তন পুরপ্রধান স্বপন সামন্তকে রাস্তায় ঘোরানো হয়। প্রত্যক্ষদর্শীদের দাবি, তাঁর পরনে ছিল একটি স্যাভো গেশি ও ট্রাউজার্স।ট্রাউজার্সে স্কেট খুলে তা গলায় ঝুলিয়ে দেওয়া হয়। শুধু তাই নয়, গলায় ঘোলানো হয়েছিল একজোড়া জুতোও। সেই অবস্থাতেই তাঁকে এলাকার বিভিন্ন রাস্তা ঘুরিয়ে নিয়ে যাওয়া হয়। ঘটনার সময় উপস্থিত বহু মানুষ

গোটা দৃশ্য প্রত্যক্ষ করেন। অভিযোগ, স্বপন সামন্তকে ধরে বিক্ষোভকারীরা বিভিন্ন স্লোগান দিতে থাকেন। তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে ক্ষোভ প্রকাশ করেন তারেকশ্বর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান স্বপন সামন্তকে প্রকাশ্যে অপমান করার অভিযোগ উঠল বিজেপি কর্মী-সমর্থকদের বিরুদ্ধে, অন্যদিকে ধনেশালি থানা থেকে আদালতে নিয়ে যাওয়ার সময় প্রাক্তন তৃণমূল বিধায়ক রামেঃদু সিংহ রায়ের উপর ডিম নিক্ষেপে। এক ঘটনা ঘিরে নতুন করে চাঞ্চল্য ছড়াল জেলায়। সোমবার সকালে তারেকশ্বরের পদ্মপুকুর এলাকায় এক নাটকীয় পরিস্থিতির সৃষ্টি হয়। অভিযোগ, দুর্নীতি, তেলোবাজি এবং অভিযোগকে সামনে রেখে প্রাক্তন পুরপ্রধান স্বপন সামন্তকে রাস্তায় ঘোরানো হয়। প্রত্যক্ষদর্শীদের দাবি, তাঁর পরনে ছিল একটি স্যাভো গেশি ও ট্রাউজার্স।ট্রাউজার্সে স্কেট খুলে তা গলায় ঝুলিয়ে দেওয়া হয়। শুধু তাই নয়, গলায় ঘোলানো হয়েছিল একজোড়া জুতোও। সেই অবস্থাতেই তাঁকে এলাকার বিভিন্ন রাস্তা ঘুরিয়ে নিয়ে যাওয়া হয়। ঘটনার সময় উপস্থিত বহু মানুষ

নিয়ে যাওয়ার সময় ক্ষুদ্র জনতার বিক্ষোভের মুখে পড়তে হয়। পুলিশ নিরাপত্তার মধ্যেই প্রিজন ভাঙনে করে তাকে থানার বাইরে আনা হচ্ছিল। সেই সময় কয়েকজন বিক্ষোভকারী তাঁর উদ্দেশ্যে কাঁচা ডিম ছুড়ে মারেন বলে অভিযোগ। জানা গিয়েছে, রবিবার কর্নাটক থেকে গ্রেফতার করে ট্রানজিট রিমাস্তে রামেঃদুকে ধনেশালি থানায় নিয়ে আসা হয়েছিল। সোমবার তাঁকে চুঁচুড়া আদালতে হাজির করানো হয়। আদালতে শুনানির পর বিচারক তাঁকে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দেন। একই দিনে দুই প্রাক্তন তৃণমূল নেতাকে ঘিরে ঘটো যাওয়া এই ঘটনাগুলি জেলার রাজনৈতিক পরিস্থিতিকে আরও উত্তপ্ত করে তুলেছে। একদিকে জনসংঘের বহিঃপ্রকাশ, অন্যদিকে রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ- সব মিলিয়ে হুগলির রাজনৈতিক অবদন নতুন করে শুরু হয়েছে। তৃমূল আলোচনা। ঘটনাগুলিকে কেন্দ্র করে প্রশাসন অপরিস্থতায় উপর নজর রাখছে এবং শান্তিশৃঙ্খলা বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।



ইয়ামাল ম্যাজিকে সহজ জয় স্পেনের

সংবাদ সংস্থা, আটলান্টা, ২২ জুনঃ আটলান্টায় রবিবার ‘এইচ’ গ্রুপের ম্যাচটি অনায়াসে ৪-০ গোলে জিতেছে লুইস দে লা ফুয়েন্তের দল। ৬৫ শতাব্দের বেশি সময় বল দখলে রেখে গোলের জন্য ২২ শট নিয়ে আটটি লক্ষ্যে রাখতে পারে স্পেন। সৌদি আরবের তিন শতের একটি ছিল লক্ষ্যে। দুই ম্যাচে একটি করে জয় ও ড্রয়ে ৪ পয়েন্ট নিয়ে আপাতত টেবিলের শীর্ষে স্পেন। ১ পয়েন্ট নিয়ে তলানিতে সৌদি আরব। উরুগুয়ে ও কেপ ভার্দে পয়েন্টও সমান ১ করে। এই দুই দল অবশ্য ম্যাচ খেলেছে একটি



করে। চোট থেকে সেরে উঠে বিশ্বকাপ অভিযোজকে বদলি নেমে তেমন কিছু করতে পারেননি ইয়ামাল। কেপ ভার্দে বিপক্ষে তার দলও সেদিন পায়নি প্রত্যাশিত জয়। সাদামাটা পারফরম্যান্সে সমালোচনাও শুনতে হয়। জিততেই হবে- এমন কঠিন সমীকরণে নেমে, প্রথম মিনিট থেকেই প্রতিপক্ষের ওপর প্রবল চাপ তৈরি করে স্পেন। একের পর এক আক্রমণ শাণিয়ে, দ্রুত সাফল্যও পেয়ে যায় তারা। দশম মিনিটে বাঁ দিক থেকে দূরের পোস্টে দারুণ এক পাস বাড়ান মিকেল ওইয়ারসাবাল এবং গোলমুখে স্নাইড করে বল জালে পাঠান ইয়ামাল। বিশ্বকাপে স্পেনের হয়ে দ্বিতীয় সর্বকনিষ্ঠ গোলদাতা হলেন ইয়ামাল (১৮ বছর ৩৪৩ দিন)। রেকর্ডটি গভির, গত আসরে ১৮ বছর ১১০ বয়সে গোল করেছিলেন এই ডিফেন্ডার। জাতীয় দলের হয়ে ২৭ ম্যাচ খেলে এই নিয়ে সাত গোল করলেন ইয়ামাল, সঙ্গে অ্যাসিস্ট ১২টি। বিশ্বকাপের

৯৬ বছরের ইতিহাসে ১৮ বছর বা এর কম বয়সী দ্বিতীয় খেলোয়াড় হিসেবে কোনো ম্যাচের প্রথম গোল করলেন ইয়ামাল। প্রথম জন পেলে, ১৯৫৮ বিশ্বকাপের কোয়ার্টার-ফাইনালে ওয়েলসের বিপক্ষে ব্রাজিলের একমাত্র গোলাটি করার দিনে পেলের বয়স ছিল ১৭ বছর ২৬৯ দিন। তিন মিনিটের ব্যবধানে আরও দুবার জালে বল পাঠিয়ে, প্রথম ক্লিন্স ব্রেকের আগেই ম্যাচের নিয়ন্ত্রণ নেয় স্পেন এবং দুটি গোলই করেন ওইয়ারসাবাল। জাতীয় দলের হয়ে ২৭ গোল হলো তার, ৫৫ ম্যাচে। ম্যাচের ফল নিয়ে অনিশ্চয়তা



অনেকটাই কেটে যাওয়ায়, বিরতির পর আর ইয়ামাল ও ওইয়ারসাবালকে নামাননি কোচ। তাদের জায়গায় আসেন ইয়েরেমি পিনো ও ফেরনান তরেস। দ্বিতীয়ার্ধে চতুর্থ মিনিটে কিছুটা দুর্ভাগ্যবশত চতুর্থ গোল হজম করে সৌদি আরব। কুকুরেইয়ার জোরাল শট গোলরক্ষকের পায়ে বাধা পেলেও, ফিরতি বল সামনেই দাঁড়ানো ডিফেন্ডার হাসান আল-তামবাভির পায়ে লেগে জালে জড়ায়। এরপর, ধীরে ধীরে খেলার গতি কমে আসে। তাতে ব্যবধান আর না বাড়লেও, ম্যাচে স্প্যানিশদের নিয়ন্ত্রণ কখনও হাতছাড়া হয়নি। তাদের একদমই ভরাতে পারেনি এশিয়ার দলটি। যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে অবশ্য আবার জালে বল পাঠান তরেস তবে তিনি নিজেই অফসাইডে থাকায় ব্যবধান বাড়েনি। দে লা ফুয়েন্তের জমাটিন উদ্বাধনের উপলক্ষ্যে দারুণ হলো। এদিনই ৬৫ বছর পূর্ণ হলো ইউরো জয়ী কোচের।

উরুগুয়েকে রুখে নকআউটের দোরগোড়ায় কেপ ভার্দে

সংবাদ সংস্থা, ফ্লোরিডা, ২২ জুনঃ ফ্লোরিডার মায়ামি গার্ডেন্সে ভারতীয় সময় সোমবার ভোরে ‘এইচ’ গ্রুপের রোমাঞ্চকর ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। পিছিয়ে পড়ে প্রথমার্ধেই মাক্সি আরাউহো সমতা টানার পর, উরুগুয়েকে এগিয়ে নেন আউতি কানোবিও। দ্বিতীয়ার্ধে বদলি নেমে কেপ ভার্দেকে সমতায় ফেরান এলিও ভ্যারেলো। বিশ্বকাপে অভিষেক আসরে ড্র প্রথমে দুই ম্যাচেই অপরাজিত রইল চার হাজার বর্গকিলোমিটার আয়তন আর মাত্র পাঁচ লাখ ৯৬ হাজার জনসংখ্যার দেশটি। প্রথম ম্যাচে ৪০ বছর বয়সী গোলরক্ষক ভজিনিয়ার অবিশ্বাস্য পারফরম্যান্সে সাববেক বিশ্ব চ্যাম্পিয়ন ও বর্তমান ইউরো স্পেনের সঙ্গে গোলশূন্য ড্র প্রথমে কেপ ভার্দ। এবার দুইবারের প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন উরুগুয়েকেও রুখে দিল তারা। অবিশ্বাস্যই বটে! দুই ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে আছে স্পেন। ২ পয়েন্ট করে নিয়ে উরুগুয়ে দুইয়ে ও কেপ ভার্দ তিনে আছে। ১ পয়েন্ট নিয়ে সারার নিচে সৌদি আরব। ম্যাচে ৬৫ শতাংশ পজেশন রেখে গোলের জন্য ১৭ শট নিয়ে গোলের দুটিই শুধু লক্ষ্যে

রাখতে পারে উরুগুয়ে। কেপ ভার্দে ১২ শটের চারটি লক্ষ্যে ছিল। শুরু থেকে উরুগুয়ে বল দখলে এগিয়ে থাকলেও, প্রতিপক্ষ গোলরক্ষকের পরীক্ষা নিতে পারছিল না তারা।



২৬তম মিনিটে চমক জাগিয়ে এগিয়ে যায় কেপ ভার্দ। প্রায় ৩০ গজ দূর থেকে ক্রিক-ক্রিকে রক্ষণ দেয়ালের দুই খেলোয়াড়ের মাঝ দিয়ে জোরাল শটে টিকানা খুঁজে নেন কেভিন পিনা। এবারের বিশ্বকাপে সরাসরি ক্রিক-ক্রিকে দ্বিতীয় গোল এটি। গোলের জন্য ৯টি লক্ষ্যব্রষ্ট শটের পর, ৪৪তম মিনিটে

প্রথম কোনো প্রচেষ্টা লক্ষ্যে রাখতে পারে উরুগুয়ে এবং তা থেকেই সমতা ফেরায় তারা। প্রতিপক্ষের ক্রস ক্লিয়ার করার জন্য বক্সে লাফিয়ে ওঠেন কেপ ভার্দে

উরুগুয়ে এবং এই গোলেও অবদান রাখেন মাক্সি আরাউহো। মানুষের উত্তেজনার ক্রসে তার হেড পাসে হয় গজ বক্সের বাইরে থেকে জালেতে টিকানা খুঁজে নেন আউতি কানোবিও। ৬১তম মিনিটে কেপ ভার্দে আরেকটি চমকে স্কোরলাইন হয় ২-২। যদিও নিজেদের ভুলেই গোলেটি হজম করে উরুগুয়ে। ডিফেন্ডার মতিয়াস অলিভেরার দুর্বল ব্যাক-পাস ক্লিয়ার করার জন্য বক্সের অনেকটা বাইরে বেরিয়ে আসেন গোলরক্ষক। কিন্তু তার সামনে থেকে হোঁ মেরে বল নিয়ে বক্সের বাইরে থেকে শটেই ফাঁকা জালে পাঠিয়ে দেন মিনিট তিনেক আগে বদলি নামা এলিও ভ্যারেলো। একটু পর উরুগুয়ে আরেকবার জালে বল পাঠালেও, অফসাইডের কারণে গোল মেলেনি। নির্ধারিত সময়ের চার মিনিট বাকি থাকতে আরেকটি ভালো সুযোগ পায় উরুগুয়ে। বেস্তানকুরের জোরাল শট প্রতিহত হয় রক্ষণে। বাকি সময়েও সুযোগ আসে দুই দলের সামনেই। তবে ব্যবধান গড়ে দেওয়ার মতো কিছু কেউ করতে পারেনি। নকআউট পর্বে যাওয়ার সম্ভাবনা ভালোভাবেই টিকে আছে তাদের।

রঙিন জেরক্স করে ইডেনে ঢোকান চেষ্টা! বেঙ্গল প্রো টি-২০ ফাইনালেও সিএবিতে টিকিট বিতর্ক

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ জুনঃ সিএবি কর্তারা দাবি করেন, তাদের অন্যতম সেরা টুর্নামেন্ট বেঙ্গল টি-টোয়েন্টি লিগ। কিন্তু সেখানেই হাজারো বিতর্ক। টুর্নামেন্টের ফাইনালের দিনেও সেই বিতর্ক পিছু ছাড়ল না সিএবি-র। টুর্নামেন্টের নিলারের আগে হঠাৎ করেই নাম প্রত্যাহার করে নেয় এক ফ্র্যাঞ্চাইজি। বিতর্কের সূত্রপাত সেখান থেকেই। তারপরে নিলাম নিয়ে বিতর্ক। বেশ কয়েকটা ফ্র্যাঞ্চাইজির বন্ডব্য ছিল, সিএবির তরফে নাকি শুল্কতে জানানো হয়েছিল, প্রথম তিনবছর ডাফটিং হবে। কিন্তু হঠাৎ করে এবার সেখানে নিলাম করে দেওয়া হয়। রবিবার লিগের ফাইনাল ছিল। দুপুরে বৃষ্টির জন্য মেয়েদের ফাইনাল ভেঙে



যায়। সেক্ষেত্রে ইডেনে ছেলেদের ফাইনালের আগে ফসিলসের অনুষ্ঠান রাখা হয়েছিল। হঠাৎ করে দেখা যায় কয়েকজন টিকিটের কালার জেরক্স করে মাঠে প্রবেশ করতে যাচ্ছেন। এমনটিতে পুরো টুর্নামেন্টের টিকিট ফ্রি করে দেওয়া হয়েছিল। হসপিটালিটি বক্সের টিকিট অবশ্য বিশেষ সুবিধে

মিলবে। শীততাপ নিয়ন্ত্রিত কর্পোরেট বক্সে খেলা দেখার পাশাপাশি খাওয়া-দাওয়ারও ব্যবস্থা থাকে। সেখানেই দেখা যায়, আসল টিকিটের কালার জেরক্স নিয়ে কয়েকজন প্রবেশ করতে যায়। একইসঙ্গে টুর্নামেন্টের মান নিয়ে প্রশ্ন উঠছে। নামী এক ক্রিকেট ওয়েবসাইট ব্যাডশংখের টি-টোয়েন্টি লিগের নিয়মিত কভারেজ করছে। অথচ সেখানে কোথাও বেঙ্গল টি-টোয়েন্টি লিগের উল্লেখ নেই। অনেকেই বলছেন, এই টুর্নামেন্ট যাতে আরও আকর্ষণীয় হয়, আরও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়, সেটা দেখা উচিত। রবিবার ফাইনালে ১০ রানে জিতে লিগ চ্যাম্পিয়ন হল শ্রাচি রাড টাইগার্স। তারা ফাইনালে হারাল সৌবিস্কো স্ম্যাশার্স মালদাকে।

এক গোল খেয়ে তিন গোল দিয়ে মিশরের ৯২ বছরের অপেক্ষার অবসান

সেই ১৯৩৪ সালে প্রথমবার বিশ্বকাপ খেলেছিল মিশর। বিশ্ব আসরে খেলা প্রথম আরব ও আফ্রিকান দেশ তারা। কিন্তু বিশ্বকাপে একটি জয় ছিল অথরা। প্রায় এক শতাব্দীর সেই আক্ষেপ অবশেষে ঘুচে গেল। প্রথমার্ধে পিছিয়ে থেকেও দ্বিতীয়ার্ধে দারুণ উজ্জীবিত পারফরম্যান্সে স্মরণীয় জয়ের স্বাদ পেল মোহাম্মদ সালাহর দল।

সংবাদ সংস্থা, ড্যানকুভার, ২২ জুনঃ বিশ্বকাপের ‘জি’ গ্রুপের ম্যাচে নিউ জিল্যান্ডকে ৩-১ গোলে হারাল মিশর। ড্যানকুভারে ম্যাসে পঞ্চদশ মিনিটে নিউ জিল্যান্ডকে এগিয়ে দেন বিন সারম্যান। ৫৮তম মিনিটে মিশরকে সমতায় ফেরান মোস্তাফা জিকো। ৬৭ মিনিটে দলকে এগিয়ে নেন অধিনায়ক সালাহ। বদলি নামার একটি পর ব্যবধান বাড়ান মাহমুদ আহমেদ ইব্রাহিম হাসান, যিনি পরিচিত ব্রেজগে নামে। এই জয়ে দারুণ উজ্জ্বল ছিলেন মিশর ফুটবলের পোস্টার বয় ও সেরা তারকা সালাহ। একটি গোল করা ও আরেকটিতে সহায়তা ছাড়াও ম্যাচজুড়ে অসাধারণ খেলেছেন ৩৪ বছর বয়সী তারকা। তার জনপ্রিয়তাও আরেকবার বোঝা গেছে এ দিন। প্রতিবার তিনি বলে সম্পর্ক করা মাত্রই গর্জে উঠেছে গ্যালারি। বিশ্বকাপের প্রথম জয়ের পথে ৯২ বছর আগের আরেকটি স্মৃতিও ফেরাল মিশর। সেই ১৯৩৪ সালে বিশ্বকাপে অভিষেক ম্যাচে হাঙ্গেরির কাছে হারের পথে দুটি গোল করেছিল তারা। এরপর এবারই প্রথম এক ম্যাচে একাধিক গোল করতে পারল ‘ফারাও’ নামে পরিচিত দলটি। এই জয়ে দুই ম্যাচে চার পয়েন্ট নিয়ে সালাহরা এখন গ্রুপের শীর্ষে। আগের ম্যাচে ইরানের সঙ্গে ২-২ গোলে ড্র করেছিল নিউ জিল্যান্ড, বেলজিয়ামের সঙ্গে ১-১ গোলে ড্র করেছিল মিশর। ফেব্রুয়ারি হিসেবেই ম্যাচটি শুরু করে মিশর। ড্যানকুভারের বিসি স্পেন্সের গ্যালারিতেও ছিল তাদের সমর্থনে দর্শকের জোয়ার। লালের সেই সমুদ্র শান্ত হয়ে যায় দলের রক্ষণের এক অসতর্কতায়। টিম পেনালের করণে হেড থেকে গোল করেন নিউ জিল্যান্ডের ডিফেন্ডার সারম্যান। তাকে মার্ক করাছিল না কেউ। ওই গোলের আগেও ম্যাচে দাপট বেশি ছিল নিউ জিল্যান্ডের। গোলের মিনিট দুয়েক আগেও সম্ভাবনা জার্মিয়েছিল

তারা। বাঁ দিক দিয়ে দ্রুতগতিতে এগিয়ে গিয়ে রক্ষণভাগ ভেদ করে মার্কে স্ট্যামেনিচ বল দেন ইলহিজা জাস্টকে। আগের ম্যাচে দুই গোল করা উইলবার নিচু শটে গোল করার চেষ্টা করলেও কাছের পোস্টের পাশ দিয়ে বলটি বাইরে পাঠিয়ে দেন গোলকিপার মোস্তাফা শুবির। ২৭তম মিনিটে বিদ্যুতগতির আক্রমণে বক্সের বাইরে বল ধরে শরীর ঘুরিয়ে বাকানো শট নেন ওমার



মার্শুশ। নিউ জিল্যান্ডের গোলকিপার ম্যাক্স ক্রোকোথ বাদিকে বাঁপিয়ে পড়ে তা রুখে দেন এবং দ্বিতীয় প্রচেষ্টায় আলগা বলটি ধরতে গিয়েও ব্যর্থ হন। তবে বিপদ হয়নি। ক্রমে ছন্দে ফিরতে থাকে মিশর। ৬২তম মিনিটে মার্শুশ শরীর বাকিয়ে বক্সে ঢুকে শট নেওয়ার মতো জায়গা প্রায় তৈরি করেই ফেলেছিলেন, কিন্তু এর আগেই সারম্যান সজোরে তার পায়ের আঙুল ছুঁয়ে বলটি বাইরে পাঠিয়ে দেন। প্রথমার্ধে আক্রমণ, পাণ্ডা আক্রমণ চললেও খুব ভালো কোনো সুযোগ তৈরি হয়নি। দ্বিতীয়ার্ধের শুরু থেকেই দারুণ গতিতে খেলতে থাকে মিশর। ৪৭তম মিনিটে ডান দিক থেকে আসা একটি

ক্রসে বল পেয়ে বলক দেখান সালাহ। বক্সের ভেতরে প্রথম স্পর্শেই তিনি বলটি নিয়ন্ত্রণে আনেন, কিন্তু দ্বিতীয় স্পর্শে সুবিধা করতে পারেননি, বল চলে যায় সরাসরি গোলকিপার ক্রোকোথের হাতে। এর পরপরই বক্সের বাঁ দিকে ফাউলের পর মিশরের আরও একটি চমৎকার ক্রিক-ক্রিকে, কিন্তু মার্শুশ বলটি পোস্টের অনেক ওপর দিয়ে মেরে নেন। ধারার অনেকটা



বিপরীতেই ৫২তম মিনিটে আবার দারুণ এক সম্ভাবনা জাগায় নিউ জিল্যান্ড। ক্রিক থেকে উড়ে আসা বলে চমৎকার হেড করেন ক্যালাম ম্যাককোয়াট। দুর্দান্ত রিফ্লেক্সে ফিস্ট করে মিশরকে বিপদমুক্ত করেন গোলকিপার শুবির। ৫৫তম মিনিটে বক্সের ভেতর থেকে জিকোর শটে দারুণভাবে ব্লক করেন সারম্যান। তবে মিশর যেভাবে চেপে ধরছিল, তাতে গোলের আভাস মিলছিলই। সেই গোল ধরা দেয় ৫৮তম মিনিটে। মোহাম্মদ হেনির চমৎকার ক্রসে বক্সের ভেতর ফাঁকায় থাকা জিকো জোরাল হেড করেন। গোলকিপার ক্রোকোথের হাতে লেগে বল জড়ায় জালে। গোলকিপার হাতেও আরেকটি

ভালো করতে পারতেন। তবে দায়টা বেশি নিউ জিল্যান্ডের রক্ষণভাগেরই। গোলের পর উজ্জীবিত মিশর আরও দাপটে খেলতে থাকে। নিউ জিল্যান্ডকে মনে হচ্ছিল অবসন্ন। আরেকটি গোল ধরা দেয় ক্রভই। নান্দনিক এক মুভ থেকে সেটি ছিল দর্শনীয় গোল। ডান প্রান্ত থেকে সালাহ দুজনের মধ্য দিয়ে বক্সে ঢুকে জিকোর সঙ্গে ওয়ান-টু খেলে তিনজনের মধ্য থেকে চমৎকার গড়ানো শটে পরাস্ত করেন গোলকিপারকে। ২০১৮ বিশ্বকাপে দুটি গোল করলেও দলের জয় দেখতে পাননি সালাহ। এবার তার গোলেই জয়ের পথে এগিয়ে গেল মিশর। ৭৬তম মিনিটে জিকো ও মার্শুশকে ভুলে নিয়ে হামজা আদেলকারিম ও ব্রেজগেকে নামান মিশর কোচ। ফল মিলতে খুব বেশি সময় লাগেনি। ৮২তম মিনিটে সালাহর কন্নার থেকে নিচু হয়ে হেডে গোল করেন ব্রেজগো। তাকেও ফাঁকায় রেখেছিল নিউ জিল্যান্ডের রক্ষণভাগ। যোগ করা সময়ে দুই দলেরই দারুণ কিছু আক্রমণে জমে ওঠে ম্যাচ। আদেলকারিমের হেড শুয়ে পড়ে ঠেকিয়ে দেন ক্রোকোথ। চতুর্থ গোলের সুবর্ণ সুযোগ পায় মিশর। একজনকে কাটিয়ে বক্সে ঢুকে গোলকিপার ক্রোকোথকেও ভজ দিয়ে এগিয়ে যান জিকো। কিন্তু সময়মতো গোলে শট নিতে পারেননি। একটু সামলে দ্বিতীয় দফায় শট নেন। ততক্ষণে ক্রোকোথ ছুটে এসে শুয়ে পড়ে ব্লক করে দেন। একদম শেষ সময়ে স্ট্যামেনিচের শট একজনের পায়ের লেগে গোল ঢোকান মুখে ঠেকিয়ে দেন শুবির। এর পরপরই মিশরকে উল্লাসে ভাসায় রেফারির শেষ বাঁশি। হেরে গেলেও নিউ জিল্যান্ডের সম্ভাবনা শেষ হয়ে যায়নি। গ্রুপের পরের ম্যাচে তাদের প্রতিপক্ষ বেলজিয়াম। প্রথমবার গ্রুপ পর্ব উত্তরানো অনেকটাই নিশ্চিত করে ফেলা মিশরের পরের প্রতিপক্ষ ইরান।

বেলজিয়ামকে আটকে চমক ইরানের



সংবাদ সংস্থা, ক্যালিফোর্নিয়া, ২২ জুনঃ ক্যালিফোর্নিয়ার সোফি স্টেডিয়ামে রবিবার বিশ্বকাপের ‘জি’ গ্রুপের ম্যাচটি গোলশূন্য ড্র হয়েছে। দ্বিতীয়ার্ধে অনেকটা সময় একজন কম নিয়ে খেলতে হয়েছে বেলজিয়ামকে। চলতি আসরে দুটিসহ বিশ্বকাপে নিজেদের সবশেষ চার ম্যাচে জিততে ব্যর্থ হলো বেলজিয়াম (৩ ড্র, ১ হার)। মিশরের বিপক্ষে ১-১ ড্রয়ে এবারের অভিযান শুরু করে তারা। ইরানও এবার তাদের প্রথম দুই ম্যাচ ড্র করল। নিউ জিল্যান্ডের বিপক্ষে দুইবার পিছিয়ে পড়ে ২-২ সমতায় শেষ করেছিল তারা। দুই ম্যাচে ২ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে আছে ইরান। সমান পয়েন্ট নিয়ে দুইয়ে বেলজিয়াম। এক ম্যাচ খেলে নিউ জিল্যান্ড ও মিশরের পয়েন্ট ১ করে। এবার ইরানকে পয়েন্ট এনে দেওয়ার নায়ক বেইরানভান্দ। ৭০ শতাংশ পজেশন রেখে গোলের জন্য ২৬ শট নিয়ে যে সাতটি লক্ষ্যে রাখতে পারে বেলজিয়াম, সবটিই সেভ করেন অভিজ্ঞ গোলরক্ষক। অথচ ম্যাচের শুরুতেই আঘাত পান বেইরানভান্দ! কেভিন ডি ব্রুইনের ক্রসে ছয় গজ বক্সে স্নাইড করতে যান বেলজিয়ামের রেকর্ড স্কোরার লুকাকু, বেইরানভান্দও এগিয়ে আসেন বল ধরতে, সজোরে তার বুক লাগে লুকাকুর পা। খেলা বন্ধ থাকে কিছুক্ষণ। চিকিৎসা নিয়ে আবার খেলা চালিয়ে যান ৩৬ বছর বয়সী বেইরানভান্দ। শুরু থেকে বল দখলে আধিপত্য করা বেলজিয়াম একশাস মিনিটে আরেকটি সুযোগ তৈরি করে। বেলজিয়ামের স্ট্রোভারের শট রক্ষণে প্রতিহত হওয়ার পর,

মাক্সিম ডি কাইপারের শট ঠেকান বেইরানভান্দ। চতুর্থ মিনিটে থিবো কোর্তোয়ার দৃঢ়তায় বেঁচে যায় বেলজিয়াম। পেনাল্টি স্পটের কাছ থেকে হোসেন কানানির জোরাল শট বাঁপিয়ে ব্যর্থ করে দেন রিয়াল মাদ্রিদ গোলরক্ষক। ২৫তম মিনিটে এহসান হাজিসাফির ক্রিক-ক্রিক বক্সে দারুণভাবে নিয়ন্ত্রণে নিয়ে জালে পাঠান মেহদি তারেমি। উল্লাসে মাতো ইরান শিবির। কিন্তু ভিএআরের সাহায্যে অফসাইডের বাঁশি বাজান রেফারি। বেলজিয়াম বারবার আক্রমণে উঠলেও, প্রতিপক্ষের রক্ষণে খেই হারিয়ে ফেলছিল তারা। প্রথমার্ধের শেষ দিকে ডি কাইপারের ডলি ফিরিয়ে দেন বেইরানভান্দ। দ্বিতীয়ার্ধের অষ্টম মিনিটে আরেকবার বেলজিয়ামকে বাঁচান কোর্তোয়া। তারেমির জোরাল শট ঠেকিয়ে দেন অভিজ্ঞ গোলরক্ষক। ৬০তম মিনিটে বেলজিয়াম গোল পেয়েই যাচ্ছিল থায়। বাঁ দিকের বাইলাইনের কাছ থেকে ডেভিন ডি ব্রুইনের চাংচাকার কাট-ব্যাক ইরানের ডিফেন্ডার ঠেকিয়ে দেওয়ার পর, কাছ থেকে শট নেন ডি কাইপার। বেইরানভান্দ আগের পড়ে ফিরিয়েলেন মাটিতে, শুয়ে থাকা অবস্থাতেই এক হাতে বল ঠেকিয়ে দেন তিনি। ৬৬তম মিনিটে বড এক থাকা খায়া বেলজিয়াম। মাঝমাঠের কাছ থেকে গোলরক্ষককে ব্যাক-পাস দেওয়ার চেষ্টায় নার্ভা উদ্ভয় বলের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন এবং তিনিই শেষ ডিফেন্ডার হিসেবে পেছন থেকে টেনে ফেলে নেন তারেমিকে। সরাসরি লাল কার্ড দেখান রেফারি। নির্ধারিত সময়ের চার মিনিট বাকি থাকতে আরেকটি দুর্দান্ত সেভ করেন রেইরানভান্দ। আবারও ডি কাইপারের জোরাল শট বাঁপিয়ে আটকান তিনি। ‘ডেডলক’ও তাই ভাঙেনি। শেষ রাউন্ডে ভারতীয় সময় আগামী শনিবার সকালে নিউ জিল্যান্ডের বিপক্ষে খেলবে বেলজিয়াম, একই সময়ে মিশরের মুখোমুখি হবে ইরান। কখনও বিশ্বকাপের নকআউট পর্বে উঠতে পারেনি এশিয়ান দলটি। এবার সেই সম্ভাবনা বেশ ভালোভাবেই আছে তাদের।